ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



যেভাবে বাংলাদেশের সঙ্গে নিবিড় সম্পর্ক বলিউড অভিনেত্রী অনন্যার

পৃঃ ৫

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

রেকর্ড পারিশ্রমিকে রাফিনিয়াকে চায় আল-ইত্তিহাদ



পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩৩৪ ● কলকাতা ● ২৬ অগ্রহায়ণ, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ১২ ডিসেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## মহুয়ার বিরুদ্ধে মমতার কাছে নালিশ করে হতাশ ৬ বিধায়ক



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

কৃষ্ণনগর লোকসভার অন্তর্গত ৭টি বিধানসভার মধ্যে ৬ জন বিধায়ক সাংসদ মহুয়া মৈত্রের বিভিন্ন কার্য কলাপের বিরুদ্ধে প্রবল ক্ষুব্ধ। সেই নিয়ে তাঁরা ইতিমধ্যে মুখ্যমন্ত্রীর কাছে চিঠিও লেখেন। কিন্তু এতদিন পর্যন্ত মুখ্যমন্ত্রী সেই চিঠি নিয়ে কিছু উল্লেখ করেন নি। সোমবার বিধানসভায় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে সেই একই অভিযোগ আবার জানান। মহুয়ার বিরুদ্ধে নানা অভিযোগ তাঁদের। তিনি নাকি দলের কারোর সঙ্গে পরামর্শ ছাড়াই কাজকর্ম করেন।কাউকে কিছু না জানিয়েই সিদ্ধান্ত নেন। তবে এবার তা নিয়ে কী বললেন মমতা? মুখ্যমন্ত্রী কিন্তু তাদের যথেষ্ট হতাশ করেছেন। তার যে প্রত্যাশা নিয়ে গিয়েছিলেন তা তারা পায় নি।

বিধানসভা সূত্রে জানা যাচ্ছে, সোমবার বিধানসভায় দেখা হতেই সরাসরি মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে মহুয়াকে নিয়ে নালিশ করে বসেন বিধায়কদের একাংশ। তবে সেই নালিশ শুনে মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়ে দেন, এখন নয়, জেলাওয়াড়ি বৈঠক যখন হবে তখন এনিয়ে যা বলার বলব। কার্যত অনেক আশা নিয়ে মমতার কাছে নালিশ ঠুকতে গিয়েছিলেন বিধায়করা। ভেবেছিলেন হয়তো এখনই কড়া কোনও অ্যাকশন হবে। কিন্তু হল না। তাঁদের অভিযোগ ছিল তাঁদের সঙ্গে আলোচনা ছাড়াই জেলা সংগঠনের সভানেত্রী তথা দলের সাংসদ মহুয়া মৈত্র সম্প্রতি ১৭৮জন বুথ সভাপতি ও ১৭জন অঞ্চল সভাপতিকে বদলি করেছেন। এর ফলে সংগঠনের কাজ করতে খুব অসুবিধা হচ্ছে বলেই তারা জানান। এখন দেখার মমতা বন্দ্যোপাধ্যায় কোন সিদ্ধান্ত নেন!

## সদস্য সংগ্রহে বিজেপি বিধায়কদের সক্রিয় হওয়ার নির্দেশ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

সদস্য সংগ্রহ কর্মসূচিতে 'নিষ্ক্রিয়' বিজেপি বিধায়করা! তাঁদের ভূমিকায় চরম ক্ষুব্ধ বঙ্গ বিজেপির কেন্দ্রীয় পর্যবেক্ষক সুনীল বনশল। তাঁর ধমকের পরই তড়িঘড়ি বিধায়কদের নিয়ে বৈঠক করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বুধবার বিজেপির রাজ্যদপ্তরে এই বৈঠকে দলের তরফে রাজ্য সাধারণ সম্পাদক (সংগঠন) অমিতাভ চক্রবর্তী থেকে সহকারী সংগঠন সম্পাদক সতীশ ধনদ আজ থেকেই বিধায়কদের সদস্য সংগ্রহের কাজে নামার নির্দেশ দিয়েছেন।সদস্য সংগ্রহ অভিযান শুরুর কিছু পর থেকেই প্রথম স্থান দখলে কাঁটায় কাঁটায় লড়াই চলছিল দক্ষিণ দিনাজপুর ও নদিয়া দক্ষিণ সাংগঠনিক জেলার মধ্যে। শেষপর্বে এসে বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সমাজমাধ্যমে দাবি করেন সদস্য সংগ্রহে তাঁর জেলা পয়লা নম্বরে। অন্যদিকে, আবার সুকান্তের দাবি খারিজ করে দেন নদিয়ার এক বিজেপি নেতা। তাঁর দাবি, নদিয়া দক্ষিণ সাংগঠনিক জেলাই 'ফার্স্ট বয়' হওয়ার দৌড়ে এগিয়ে। ওই নেতার দেওয়া তথ্য অনুযায়ী, গত শনিবার পর্যন্ত তাঁর জেলায় সদস্য সংগ্রহ হয়েছিল ১ লক্ষ ১৩ হাজার। সুকান্তের জেলায় ১০২টি বেশি ছিল। কিন্তু শেষমেশ সদস্য সংগ্রহের হিসেবে আবার এক নম্বরে চলে গিয়েছে রানাঘাট দক্ষিণ সাংগঠনিক জেলা। এইমুহূর্তে সদস্য সংগ্রহে প্রতিযোগিতা চলছে মূলত উত্তর ও দক্ষিণ দিনাজপুর, কাঁথি, নদিয়া উত্তর ও দক্ষিণ সাংগঠনিক জেলায়।তখন বিধায়কদের তরফেও পালটা বলা হয়েছে, কেন্দ্রীয় পর্যবেক্ষক সুনীল বনশলের সঙ্গে তাঁদের বৈঠক বসার ব্যবস্থা করার জন্য।

সূত্রের খবর, বিজেপি পার্টির সঙ্গে পরিষদীয় দলের সমন্বয়ের অভাব যে বহুদিন থেকেই রয়েছে তা বারেবারে সামনে এসেছে। জেলার নেতৃত্বের সঙ্গে সংশ্লিষ্ট জেলার বিধায়কদের মধ্যে সমন্বয়ের অভাব রয়েছে। আর সেটাও মূলত এই বৈঠকে বিধায়করা তুলেছেন বলে খবর। অন্যদিকে আবার দলের তরফেও অভিযোগ ছিল, বিধায়করা এলাকায় সংগঠনের কাজে সময় দেয় না। পার্টির তরফে যখন বিধায়কদের নির্দেশ, নিষ্ক্রিয়তা ছেড়ে দ্রুত সদস্য সংগ্রহের কাজে নামতে হবে। নিজেদের বিধানসভা এলাকায় দলের সঙ্গে সমন্বয় বাড়াতে হবে। প্রয়োজনে জেলা ও মণ্ডল সভাপতিদের সঙ্গে বৈঠক করতে হবে। পালটা বিধায়করাও দাবি তুলেছেন, তাঁরাও সাংগঠনিক বিষয় নিয়ে কথা বলতে চান কেন্দ্রীয় পর্যবেক্ষক সুনীল বনশলের সঙ্গে। বৈঠক সূত্রে এমনটাই খবর।সম্প্রতি রাজ্য নেতাদের নিয়ে এক বৈঠকে সংগঠনের কাজ ও সদস্য সংগ্রহে ব্যর্থতার জন্য দলের বিধায়কদের কাঠগড়ায় তুলেছিলেন

এরপর ৩ পাতায়

## ভারতকে দখল করতে এলে বাংলাদেশের হাত কেটে নেওয়ার হুঁশিয়ারি দিলেন ফুরফুরা শরীফের পীরজাদা ত্বহা সিদ্দিকী



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বাংলাদেশ নিয়ে শুরু হয়েছে তরজা বাংলাদেশ কখনো ভারত দখলের হুমকি দিচ্ছে কখনো আবার ভারত গিয়ে বাংলাদেশকে হুঁশিয়ারি দিচ্ছে এমতাবস্থায় এবার হুঙ্কার ফুরফুরা শরীফের পীরজাদা ত্বহা সিদ্দিকীর। সাফ বললেন, বাংলাদেশ যদি ভারতবর্ষের একমুঠো মাটি নেওয়ার চেষ্টা করে তাহলে কবজি কেটে নেব। তবে শুধু বাংলাদেশ নয়, যে কোনও দেশ ভারতের দিকে আঙুল তুললে আঙুল কেটে নেওয়ার হুঁশিয়ারি দেন পীরজাদা ত্বহা সিদ্দিকী। এখানেই না থেমে সুর চড়ান পাকিস্তানের বিরুদ্ধেও। আক্রমণের ধার বাড়িয়ে বলেন, যদি পাকিস্তান-বাংলাদেশ হাত মিলিয়ে আমাদের দেশকে চমকাবে বলে মনে করে তবে বলব সেদিন চলে গিয়েছে। দুই দেশেরই সংখ্যালগু ও সংখ্যাগুরুরা সুখে শান্তিতে বসবাস করুক এটাই চাই।

তাঁর দাবি, আমাদের সুখ, শান্তি, ঐক্য নষ্ট করার চেষ্টা করছে কিছু অসৎ চরিত্রের রাজনৈতিক নেতা। সেই চেষ্টা ব্যর্থ হবে। তাঁর কথায়,দুই দেশের মধ্যে যাঁরা উষ্কানিমূলক মন্তব্য করছে তারা কখনও দেশের ভাল চাইছে না। যারা উস্কানিমূলক বক্তব্য রাখছেন তাঁদের আমরা পাত্তা দিচ্ছি না। বর্ডারে বেড়েছে টহল। যে জায়গায় এখনও কাঁটাতারা ছেদ রয়েছে সেখানেও নেওয়া হচ্ছে ব্যবস্থা।


মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে কলকাতার কলেজ স্ট্রিটে চারটি বই পাওয়া যাচ্ছে। অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে আর্তনাদ নামের বইটি। এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১



আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)

(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন

সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪

ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা

ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org

এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪

ফর্মের মূল্য : ৫০.০০ টাকা



Girl's Hostel



Boy's Hostel

আবাসিক শিক্ষক চাই

বায়োলজি এমএসসি অনার্স ও একজন কম্পিউটার টিচার লাগবে

সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন — সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স — মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন — ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী — বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস — দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# তৃণমূলের সংখ্যালঘু সেলের নেতার হুমকি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



পশ্চিমবঙ্গের শাসকদল তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু সেলের মালদা জেলা সভাপতি টিঙ্কু রহমান কলকাতা দখলের দাবির পাল্টা জবাব দিয়েছেন। তিনি দাবি করেছেন, মাত্র ১৫ মিনিটে মালদার মুসলিমরা বাংলাদেশ দখল করতে সক্ষম। তার এই মন্তব্যটি বৃহস্পতিবার তৃণমূলের সংখ্যালঘু সেলের সভাপতির বক্তব্যে প্রকাশ পেয়েছে। বুধবার টিঙ্কু রহমান বলেন, যারা মালদাকে টার্গেট করছে, তাদের বিরুদ্ধে প্রশাসন কঠোর ব্যবস্থা নেবে। ভারত সরকারের উচিত জঙ্গি সংগঠন হিসেবে তাদের সম্পর্কে সঠিক পদক্ষেপ নিবে। তিনি আরো যোগ করেন, বাংলাদেশে যেভাবে হিন্দুরা অত্যাচারিত হচ্ছে, তা ভারত ও পশ্চিমবঙ্গের মুসলিমরা কখনো সমর্থন করবেন না। এছাড়া, তিনি সজাগ করে বলেন, যারা বলছেন পশ্চিমবঙ্গ দখল করব, কলকাতা দখল করব, তাদের বলব, ১৫ মিনিটের জন্য বর্ডার খুলে দিন, কোনো ফোর্স লাগবে না, আমরা নিজেই দখল করতে পারব। ভারতের সংখ্যালঘু মুসলিমরাই বাংলাদেশ দখল করতে সক্ষম।

এই একই সময়, পশ্চিমবঙ্গের মুসলিমদের অন্যতম তীর্থস্থান ফুরফুরা শরিফের পিরজাদা ত্বহা সিদ্দিকীও এক হুঁশিয়ারি দেন। তিনি বলেন, যদি পাকিস্তান ও বাংলাদেশ আমাদের দেশকে চমকাতে চায়, তবে সেই সময় আর নেই। দুই দেশের সংখ্যালঘু ও সংখ্যাগুরুরা সুখে শান্তিতে বসবাস করুক, এটাই আমাদের চাওয়া। ত্বহা সিদ্দিকী আরো বলেন, যারা উসকানিমূলক মন্তব্য করছে, তারা কখনো দেশের মঙ্গল চায়নি। এমন উসকানিমূলক বক্তব্যের কোনো মূল্য নেই, আমরা সেগুলো গুরুত্ব দিচ্ছি না।

এদিকে, পশ্চিমবঙ্গের রাজনৈতিক অঙ্গনে এসব মন্তব্যের পর উত্তেজনা আরও বৃদ্ধি পেয়েছে, এবং বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা শুরু হয়েছে।

# ভারতে ভাঙা হলো শতাব্দীপ্রাচীন মসজিদ

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



ভেঙে ফেলা হয়েছে ভারতের উত্তর প্রদেশের ফতেহপুর শহরে ১৮০ বছরের পুরোনো একটি মসজিদের একাংশ। বান্দাফতেহপুর সড়কের ওপর মসজিদের একাংশ পড়ায় তা ভেঙে ফেলা হয়েছে বলে জানিয়েছে ফতেহপুর জেলা প্রশাসন। খবর ইন্ডিয়ান এক্সপ্রেসের।

ফতেহপুর শহরে অবস্থিত মসজিদটির নাম নূরী জামে মসজিদ। ১৮০ বছরের পুরোনো এই মসজিদের একাংশ ভেঙে ফেলার বিষয়ে জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে, মসজিদের একাংশ সড়কের ওপর পড়ায় বিষয়টি নিয়ে নোটিশ দেয়া হয়েছিল। নোটিশের পরও সেই অংশ ভাঙা হয়নি। তাই নির্ধারিত সময়ের পর গণপূর্ত বিভাগ থেকে মসজিদটির ওই অংশ ভেঙে ফেলা হয়।

বিষয়টি নিয়ে জেলা প্রশাসনের পক্ষ থেকে নোটিশ দেয়ার পর সুরাহার জন্য আদালতের দ্বারস্থ হয়েছে মসজিদ কমিটি। এ নিয়ে তারা এলাহাবাদ হাইকোর্টে পিটিশন দাখিল করেছে। এ বিষয়ে আদালতের পক্ষ থেকে কোনো নির্দেশ আসার আগেই মসজিদটির একাংশ ভেঙে ফেলার ঘটনা ঘটল।

ফতেহপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) অবিনাশ ত্রিপাঠী বলেন, মসজিদ কমিটি হাইকোর্টে পিটিশন দাখিল করেছে। কিন্তু এখনো এ বিষয়ে শুনানির দিন ধার্য হয়নি। মসজিদের যে অংশ ভাঙা হয়েছে, সেটি এর বর্ধিত অংশ। মসজিদের মূল ভবন অক্ষত রয়েছে।

জেলা প্রশাসনের এই ঊর্ধ্বতন কর্মকর্তা জানান, মসজিদের একটি অংশ ভেঙে ফেলার জন্য গত আগস্টে মসজিদ কমিটি, সেখানকার দোকানদার, বাড়ির

এরপর ৩ পাতায়

# নতুন বাবরি মসজিদ বানানোর ঘোষণা তৃণমূল নেতার



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলায় নতুন বাবরি মসজিদ নির্মাণের ঘোষণা দিয়েছেন স্থানীয় একজন তৃণমূল কংগ্রেস নেতা। বুধবার (১১ ডিসেম্বর) তৃণমূল কংগ্রেস নেতা বিধানসভার বিধায়ক হুমায়ুন কবীর এ ঘোষণা দেন। হুমায়ুন কবীর বলেন, জেলার বেলডাঙা এলাকায় অযোধ্যার বাবরি মসজিদের আদলে একটি নতুন মসজিদ প্রতিষ্ঠা করা হবে। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে প্রধান অতিথি হিসেবে সামনে রেখে লক্ষাধিক মানুষের উপস্থিতিতে নতুন বাবরি মসজিদের শিলান্যাস করা হবে আগামী বছরের ৬ ডিসেম্বর।

তিনি আরো বলেন, বাবরি মসজিদ ধ্বংস হয়েছে ৩৩ বছর হয়ে গেছে। সেই মসজিদের আদলে আরেকটা মসজিদ প্রতিষ্ঠা করলে তা ইসলামী রাষ্ট্র তৈরির অভিপ্রায়ের মধ্যে পড়ে না। এ ধরনের একটি মসজিদ তৈরি হলে সেখানে এক থেকে দেড় লাখ মানুষ নামাজ পড়তে পারবেন। এই মসজিদ নির্মাণ করতে যে খরচ হবে, তাতে এক কোটি রুপি নিজেই দেবেন বলে জানিয়েছেন তৃণমূল কংগ্রেসের এই বিধায়ক। তিনি বলেন, আমি ইসলাম ধর্ম মানি। আমার মসজিদ বানানোর অধিকার আছে। কে কী বলল, তাতে আমার কিছু যায় আসে না।

এরপর ৩ পাতায়

# সরকারি বাসের ধাক্কায় নিহত ৬



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বাণিজ্যিক রাজধানী মুম্বাইয়ের কুরলায় একটি ব্যস্ত রাস্তায় একটি সরকারি বাস বেশ কয়েকটি যানবাহন ও পথচারীকে ধাক্কা দিয়েছে। এতে অন্তত ছয়জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও ৪৯ জন। মঙ্গলবার (১০ ডিসেম্বর) ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদনে এ বিষয়ে জানানো হয়েছে। সোমবার রাতে রুট নম্বর ৩৩২ এর বৃহন্মুম্বই ইলেকট্রিক সাপ্লাই অ্যান্ড ট্রান্সপোর্ট আন্ডারটেকিং (বেস্ট) বাসটি এ দুর্ঘটনা ঘটিয়েছে। বাসটি কুরলা স্টেশন থেকে আন্ধেরির দিকে যাচ্ছিল। পথিমধ্যে মুম্বাইয়ের আম্বেদকর নগর এলাকায় রাত ৯ টা ৫০ মিনিটে এ দুর্ঘটনা ঘটে।

দুর্ঘটনায় বাসের চালকও আহত হয়েছেন। আহতদের স্থানীয় সিওন ও কুরলা ভাবা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। আহতদের কয়েকজনের অবস্থা গুরুতর। তাই নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

এরপর ৩ পাতায়

# 'যা করেছি ভুল করেছি'- মমতার কাছে চিঠি সুখেন্দুর



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

কথায় বলে ঠেকায় পড়লে গোরুও গাছে ওঠে। উপনির্বাচনে তৃণমূলের ব্যাপক সাফল্যর পরে রাজ্যসভার প্রবীণ সাংসদ সুখেন্দু শেখর রায় বুঝতে পেরেছেন যে তিনি সম্পূর্ণ একা হয়ে পরেছেন। একা হয়েছেন আর জি কর কাণ্ডে দলের বিরুদ্ধে গিয়ে প্রতিবাদ দেখানোর জন্য। এবার অনেকটা মাথা নোয়াতে হলো তাঁকে। ফের তৃণমূলের মূলস্রোতে ফিরছেন দলের অন্যতম সিনিয়র সাংসদ সুখেবন্দুশেখর রায়। তৃণমূল সূত্রে সেরকমই খবর। আজই দলীয় সাংসদদের সঙ্গে সংসদে যাবেন

এরপর ৪ পাতায়

# দিল্লিতে অবৈধ বাংলাদেশিদের গ্রেপ্তারে পুলিশের বিশেষ অভিযান



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বাংলাদেশি অবৈধ অনুপ্রবেশকারীদের শনাক্ত এবং গ্রেপ্তারে ভারতের রাজধানী নয়াদিল্লিতে বিশেষ অভিযান পরিচালনা করেছে পুলিশ। বুধবার দিল্লি পুলিশের কর্মকর্তারা শহরটির কালিন্দি কুঞ্জ এলাকার বাসিন্দাদের নথি যাচাইয়ের জন্য বিশেষ এই অভিযান পরিচালনা করেছেন। এর আগে, মঙ্গলবার দিল্লির লেফটেন্যান্ট গভর্নর (এলজি) ভি কে সাক্সেনার অবৈধ বাংলাদেশিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। তার এই নির্দেশের পরদিন দিল্লি পুলিশের বিশেষ অভিযান পরিচালনা করা হয়েছে।

দেশটির বার্তা সংস্থা এএনআইয়ের প্রতিবেদনে বলা হয়েছে, লেফটেন্যান্ট গভর্নর সাক্সেনার কার্যালয় মঙ্গলবার দিল্লির মুখ্যসচিব ও পুলিশ কমিশনারকে একটি চিঠি দিয়েছে। এতে ভারতের রাজধানীতে অবৈধভাবে বসবাসকারী বাংলাদেশি অভিবাসীদের বিরুদ্ধে 'কঠোর পদক্ষেপ' নেওয়ার নির্দেশ

এরপর ৩ পাতায়

# দিঘার জগন্নাথ মন্দিরে পৌঁছালেন মুখ্যমন্ত্রী



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বুধবার বেলা দেড়টা নাগাদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পৌঁছালেন দিঘার জগন্নাথ মন্দিরে। চারিদিকে নিরাপত্তার কড়া ব্যবস্থা। মমতার সঙ্গে আছেন অনেক আধিকারিক, তৃণমূলের কিছু উচ্চ নেতৃত্ব ও কলকাতা ইসকনের সহ সভাপতি রাধারমন দাস। গোটা মন্দির পরিদর্শন করেন তিনি। কোথায় কাজ কতটা এগিয়েছে, তা খতিয়ে দেখেন। কীভাবে কাজ এগোচ্ছে, সেই সংক্রান্ত তথ্য জানতে চান মমতা। বিকেলে জেলাশাসকদের সঙ্গে বৈঠক করার কথা তাঁর। সম্ভবত সেখানে থাকবেন রাধারমণ দাস। ২০১৯ সালে দিঘায় গিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন,

এরপর ৩ পাতায়

# পুলিশের বড়সড় সাফল্য, আলু পাচারের ঘটনায় ডাহি থেকে গ্রেফতার ৫

অরূপ ঘোষ, ঝাড়গ্রাম



নয়াগ্রাম হয়ে উড়িষ্যায় আলু পাচারের ঘটনায় ডাহিতে পুলিশের হাতে গ্রেফতার ৫ জন। ঝাড়গ্রাম জেলার নয়াগ্রাম হয়ে উড়িষ্যায় আলু পাচারের ঘটনায় পুলিশের হাতে গ্রেফতার ৫ জন। রাজ্যের আলুর দাম নিয়ন্ত্রণে রাখার জন্য রাজ্য সরকার ভিন রাজ্যে আলু রপ্তানি নিষিদ্ধ করেছে। তাই উড়িষ্যা ও ঝাড়খন্ড সীমানায় রাজ্য সরকারের নির্দেশে পুলিশের পক্ষ থেকে কড়া নজরদারির ব্যবস্থা করা হয়েছে। ঝাড়গ্রাম জেলার নয়াগ্রাম ব্লকের বাংলা - উড়িষ্যা সীমানা লাগুয়া এলাকায় নয়াগ্রাম থানার পুলিশের পক্ষ থেকে আলু পাচার রুখতে কড়া নাকা চেকিং চলছিল। মঙ্গলবার সেই নাকা চেকিং চলাকালীন নয়াগ্রাম থেকে উড়িষ্যার দিকে যাচ্ছিল তিনটি আলু বোঝাইকারী লরি। ফলে ওই তিনটি আলু বোঝাই লরিকে আটক করে প্রয়োজনীয় নথি দেখতে চায় পুলিশ। কিন্তু প্রয়োজনীয় নথি না থাকায় তিনটি গাড়ি কে আটক করে নয়াগ্রাম থানার পুলিশ , সাথে পাঁচ জনকে গ্রেপ্তার করা হয়। গ্রেফতার হওয়া ব্যক্তিদের নাম সুব্রত পাহান (৩৪), চণ্ডী পাল (৩৪), মধুসূদন মন্ডল (৫১), বাপ্পা কপাট (৩০), মৃন্ময় পতিহার (৩৩)। পুলিশ সূত্রে জানা গেছে পশ্চিম মেদিনীপুর থেকে এই গাড়িগুলি আলু বোঝাই করে উড়িষ্যার দিকে যাচ্ছিল সেই সময় পুলিশের নাকা চেকিং এ আটক করা হয়। এর পাশাপাশি ওই তিনটি আলু বোঝাইকারী লরিকে বাজেয়াপ্ত করেছে নয়াগ্রাম থানার পুলিশ। বুধবার পাঁচ জন ধৃত ব্যক্তিকে ঝাড়গ্রাম জেলা আদালতে পেশ করে নয়াগ্রাম থানার পুলিশ। আদালতে পেশ করলে মহামান্য বিচারক অভিযুক্তদের ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন ।যার ফলে ওই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। পুলিশ সূত্রে আরও জানা গেছে, নয়াগ্রাম থানার আই.সি সুদীপ ঘোষালের নেতৃত্বে পুলিশের কড়া নাকা চেকিং চলার সময় ওই তিনটি আলু বোঝাই লরিকে আটক করা হয়।

# গরু পাচারের ঘটনায় গ্রেফতার ২, উদ্ধার ১২ টি গরু



অরূপ ঘোষ, ঝাড়গ্রাম

ভিন রাজ্যে গরু পচার করার সময় ১২ টি গরু সহ দুই ব্যক্তিকে গ্রেফতার করল পুলিশ। এই ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রাম জেলার নয়াগ্রাম থানা এলাকায়। পুলিশ জানিয়েছে অভিযুক্ত ধৃত ব্যক্তিদের নাম দিনেশ মাহাত ও শেখ তামির উদ্দিন। তাদের বাড়ি ওড়িশা রাজ্যের ময়ুরভঞ্জ জেলায়। এদিন বুধবার অভিযুক্তদের ঝাড়গ্রাম আদালতে তোলা হলে বিচারক ১৪ দিন জেল হেফাজতের নির্দেশ দেন। পুলিশ সূত্রে জানা গিয়েছে মঙ্গলবার একটি পিকআপ ভ্যানে ১২ টি গরু নিয়ে ওড়িশ্যা রাজ্যের দিক থেকে নয়াগ্রাম থানার বড়ামারা এলাকা দিয়ে আসার সময় বড়ামারা এলাকায় পুলিশের নাকা চেকিং এ পিকআপ ভ্যানিটিকে আটক করে পুলিশ। সেখানে গোরুর কোনো বৈধ কাগজপত্র দেখাতে না পারাই পিকআপ ভ্যান সহ গরু গুলিকে আটক করে পুলিশ। এবং দুই ব্যক্তিকে গ্রেফতার করেন পুলিশ। নয়াগ্রাম থানার আই.সি সুদীপ ঘোষালের নেতৃত্বে নাকা চেকিং চালানোর সময় বড়সড় গরু পাচার রুখে দিল নয়াগ্রাম থানার পুলিশ।






১ পাতার পর

## সদস্য সংগ্রহে বিজেপি বিধায়কদের সক্রিয় হওয়ার নির্দেশ

সুনীল বনশল। একইসঙ্গে সদস্য সংগ্রহের পারফরম্যান্সে সাংসদদের ভূমিকা নিয়েও চরম অসন্তোষ প্রকাশ করে একাধিক সাংসদকে কার্যত ভর্ৎসনা করেছেন তিনি। বিধায়কদের মাঠে নামাতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপর ভরসা রেখেছিলেন কেন্দ্রীয় নেতৃত্ব। টিম শুভেন্দু অর্থাৎ শুভেন্দুর নেতৃত্বে বঙ্গ বিজেপির বিধায়কদের নিয়ে আলাদা করে বৈঠকে বসার সিদ্ধান্ত হয়েছিল। সেই মতো এদিন বৈঠক হয়। শঙ্কর ঘোষ, অগ্নিমিত্রা পাল, বঙ্কিম ঘোষ, বিশাল লামা থেকে শুরু করে বিশ্বনাথ কারক-সহ প্রায় সমস্ত বিধায়করাই উপস্থিত ছিলেন। বনশলের সঙ্গে বিধায়কদের বৈঠকের সম্ভাবনা ডিসেম্বরের শেষের দিকে। তার আগে অবশ্য শুভেন্দু বসবেন বনশলের সঙ্গে।ইতিমধ্যেই সদস্য সংগ্রহের সময় বঙ্গ বিজেপির জন্য বাড়িয়ে ৩১ ডিসেম্বর করা হয়েছে। সার্বিকভাবে বাংলায় বিজেপির সদস্য সংগ্রহের চিত্র সন্তোষজনক নয়। কিন্তু যেটুকু সদস্য সংগ্রহ হচ্ছে তাতে দলের বিভিন্ন জেলার মধ্যে আবার লড়াই শুরু হয়েছে। প্রথম হওয়ার দৌড়ে ছুটছে একাধিক জেলা। সদস্য সংগ্রহের প্রতিদিনের তথ্য কেন্দ্রীয়ভাবে জমা পড়ছে বিশেষ অ্যাপে।

# ভারতে আ.লীগ ৪ নেতা ধর্ষণের দায়ে গ্রেপ্তার হয়নি, জানা গেল আসল কারণ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

গণআন্দোলনের মুখে আওয়ামী লীগ সরকার ক্ষমতাচ্যুত হয়। সরকার পতনের পর মন্ত্রী, এমপিসহ আওয়ামী লীগের কেন্দ্র থেকে তৃণমূল পর্যন্ত অনেক নেতা আত্মগোপনে চলে যান। আইনশৃঙ্খলা বাহিনী তাদের মধ্যে বেশ কয়েকজনকে গ্রেপ্তার করলেও অনেকে দেশ ছেড়ে ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশে আশ্রয় নেন।

সম্প্রতি, ভারতের মেঘালয় রাজ্যের ডাউকি থানার পুলিশ কলকাতা থেকে সিলেটের আওয়ামী লীগ ও যুবলীগের চার নেতাকে গ্রেপ্তার করেছে। গ্রেপ্তারকৃতরা হলেন সিলেট জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান নাসির উদ্দিন খান, সিলেট মহানগর যুবলীগের সভাপতি আলম খান (মুক্তি), সহসভাপতি আবদুল লতিফ (রিপন) এবং সদস্য ইলিয়াস হোসেন (জুয়েল)। এ ঘটনাকে কেন্দ্র করে বাংলাদেশ ও ভারতের বিভিন্ন গণমাধ্যমে দাবি করা হয়েছে যে, ধর্ষণের অভিযোগে ওই নেতাদের গ্রেফতার করা হয়েছে। জনকণ্ঠ ও যমুনা টিভি একই দাবিতে সংবাদ প্রচার করলেও পরবর্তীতে তা সরিয়ে নিয়েছে। এছাড়া অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার ফেসবুক আইডিতে একই দাবিতে একটি পোস্ট প্রচারিত হয়। গতকাল ১০ ডিসেম্বর কাফরুল দক্ষিণ থানা জামায়াত আয়োজিত সুধী সমাবেশে বক্তব্য প্রদানকালে বাংলাদেশ জামায়াত ইসলামীর আমির ডা. শফিকুর রহমানও একই দাবি করেন।

রিউমর স্ক্যানার টিমের অনুসন্ধানে জানা গেছে, ধর্ষণের অভিযোগ নয়, বরং অবৈধ অনুপ্রবেশ, মারধর এবং ডাকাতিসহ আরো কয়েকটি অভিযোগে সিলেটের আওয়ামী লীগ ও যুবলীগের চার নেতাকে গ্রেপ্তার করেছে ভারতীয় পুলিশ। এ বিষয়ে গত ৯ ডিসেম্বর ভারতের মেঘালয় ভিত্তিক পত্রিকা দ্য শিলং টাইমস এ প্রকাশিত একটি প্রতিবেদন অনুযায়ী, মেঘালয়ের পশ্চিম জয়ন্তিয়া হিলসের দাউকি এলাকায় গত মাসে ট্রাক চালকদের ওপর হামলার ঘটনায় জড়িত থাকার অভিযোগে আওয়ামী লীগের চার নেতাকর্মীকে কলকাতা থেকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশের বরাতে ওই প্রতিবেদনে আরো জানানো হয়, গ্রেপ্তারকৃতদের রবিবার (৮ ডিসেম্বর) রাতেই জোয়াইয়ে নিয়ে আসা হয়। বর্তমানে তারা পুলিশ হেফাজতে রয়েছেন এবং দাউকি থানায় এ সংক্রান্ত একটি মামলা দায়ের করা হয়েছে। ঘটনাটি নিয়ে তদন্ত অব্যাহত রয়েছে।

অর্থাৎ, মেঘালয়ের স্থানীয় পত্রিকা দ্য শিলং টাইমস -এ প্রকাশিত প্রতিবেদনে গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগের বিষয়ে কোনো উল্লেখ বা তথ্য পাওয়া যায়নি। গত ১০ ডিসেম্বর বাংলাদেশি অনলাইন গণমাধ্যম *ঢাকা পোস্ট* এ একই বিষয়ে একটি প্রতিবেদন প্রকাশিত হয়। প্রতিবেদনে মেঘালয়ের শিলং টাইমস-এর এক সাংবাদিকের বরাতে গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দায়ের করা মামলার নম্বর এবং সংশ্লিষ্ট ধারাগুলো তুলে ধরা হয়। প্রতিবেদনে আরও উল্লেখ করা হয়, মামলায় বিপজ্জনক অস্ত্র ব্যবহার করে ক্ষতি করা, ডাকাতি এবং স্বেচ্ছায় ক্ষতি করার মতো ধারাগুলো অন্তর্ভুক্ত থাকলেও, ধর্ষণের কোনো ধারা উল্লেখ করা হয়নি।

রিউমর স্ক্যানার টিম সংশ্লিষ্ট সূত্রের সহায়তায় আলোচিত মামলার একটি নথি সংগ্রহ করেছে। নথিতে উল্লেখিত তথ্য পর্যালোচনায় দেখা গেছে, এর সঙ্গে *ঢাকা পোস্ট* এর প্রতিবেদনে প্রকাশিত তথ্যের মিল রয়েছে। মেঘালয় পুলিশের বিবৃতি

মেঘালয় পুলিশের মহাপরিচালক মিজ নংরাং এ বিষয়ে বিবিসি বাংলাকে জানান, ওই চারজনের বিরুদ্ধে ডাউকি থানার একটা মামলা ছিল। কোনও ধর্ষণের অভিযোগ নেই এদের বিরুদ্ধে। ডাউকি থানায় এদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার চারটি ধারা এবং বিদেশি আইনের ১৪ নম্বর ধারায় অভিযোগ ছিল। সেই মামলাতেই কলকাতা থেকে এদের গ্রেপ্তার করে আনা হয়েছে।

এ বিষয়ে আরো বিস্তারিত

এরপর ৪ পাতায়

# দিল্লীতে ২০২২ এর পর পুনরায় অনারারী ডক্টরেট অ্যাওয়ার্ড ২০২৪ সম্মানিত হলেন ড: স্বপন দত্ত বাউল




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

দিল্লিতে প্রাক্তন রাষ্ট্রপতির প্রশংসিত আশির্বাদ ধন্য উপহার স্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী , জাতীয় সম্মানিত, আন্তর্জাতিক শিল্প বহুমূখী প্রতিভা ও নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে সমাজ সচেতন, কুসংস্কার কুপ্রথা দূরীকরণ, দেশে বিদেশে শান্তি সম্প্রীতির বাউল গানের মাধ্যমে বার্তায় সমাজ সেবকের অনন্য অবদানের জন্য অনারারী ডক্টরেট অ্যাওয়ার্ড ২০২২ সম্মানিত হয়েছিলেন । পুনরায় দিল্লীতে ড: স্বপন দত্ত বাউলকে অনারারী ডক্টরেট অ্যাওয়ার্ড ২০২৪ এ সম্মানিত করলেন জিএইচআরপিএফ রিসার্চ ইনস্টিটিউট এবং এএসআইও ডিজিটল বিশ্ববিদ্যালয় যৌথ ভাবে । নিউ দিল্লীতে স্বপন দত্ত বাউল পুনরায় ২০২৪ এ অনারারী ডক্টরেট অ্যাওয়ার্ড এ সম্মানিত হয়ে খুবই খুশি । সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে, খাজা আনোয়ার বেড় পূর্ব বর্ধমান পশ্চিম বাংলার বহুমূখী প্রতিভায় সম্মানিত স্বপন দত্ত বাউল বলেন ভারতের রাজধানী দিল্লী যেভাবে আমাকে ও আমার বহুমূখী প্রতিভা ও বাউল গানে সমাজ সচেতনকে ভালবাসে অবং নিমন্ত্রণ পত্র দিয়ে যাওয়া আসার থাকা খাওয়ার ব্যাবসা করে আমার নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে বাউল গানে সমাজ সচেতন, কুসংস্কার কুপ্রথা দূরীকরণ দেশে বিদেশে শান্তি সম্প্রীতির বার্তায় কে সম্মান দিয়ে চলছে একের পর এক করে তাতে আমি খুবই আনন্দিত ও উৎসাহিত অনুপ্রাণিত। আমি বাউল গানের মাধ্যমে আমার সমাজ সচেতন কে সুদূর প্রসারী করার জন্য আমি জীবনে চলার পথে আরও অনেক দূর এগিয়ে যাবো এটা আমার প্রতিজ্ঞা। আরও বলেন রাজধানী দিল্লিতে যে পর পর দুবার অনারারী ডক্টরেট অ্যাওয়ার্ড সম্মান পেলাম সবই আমার পিতা মাতার আশির্বাদ।

## আইআইটি খড়গপুরের পড়ুয়াদের সঙ্গেও কথা বললেন প্রধানমন্ত্রী

**কলকাতা, ১১ ডিসেম্বর, ২০২৪**

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধান ভার্চুয়াল মাধ্যমে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের সপ্তম সংস্করণের উদ্বোধন করেছেন। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার, অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন (এআইসিটিই)-এর চেয়ারম্যান ডঃ টিজি সীতারাম, ন্যাশনাল এডুকেশন টেকনোলজি ফোরাম এবং ইসিএনএএসি ও এনবিএ-র চেয়ারম্যান ডঃ অনীল সহস্রবুদ্ধে প্রমুখ।

আইআইটি খড়গপুর সহ ৫১টি কেন্দ্রে এই হ্যাকাথনের আয়োজন করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের ৫৪টি মন্ত্রক, দপ্তর, রাজ্য সরকারগুলি, রাষ্ট্রায়ত্ত সংস্থা ও শিল্পমহলের পক্ষ থেকে এবারের হ্যাকাথনে আড়াইশোটি সমস্যা পেশ করা হয়েছে। প্রাতিষ্ঠানিক স্তরে ৮৬ হাজারেরও বেশি দল এবং পড়ুয়াদের প্রায় ৪৯ হাজারটি দল (প্রতিটি দলে ৬ জন পড়ুয়া ও ২ জন মেন্টার) জাতীয় স্তরের হ্যাকাথনে অংশগ্রহণ করছে। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ভার্চুয়াল মাধ্যমে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথনের অংশগ্রহণকারীদের সঙ্গে কথা বলেন। তরুণ উদ্ভাবকদের উৎসাহ দিয়ে তিনি বলেন, বিভিন্ন সমস্যার এমন সৃজনশীল ও উদ্ভাবনী সমাধান বের করতে হবে, যাতে সারা বিশ্বের চোখ কপালে উঠে যায়। এই হ্যাকাথন বিকশিত ভারত ২০৪৭-এর লক্ষ্যে ভারতকে স্মার্ট পদক্ষেপ নিতে সাহায্য করবে বলে তিনি প্রত্যয় ব্যক্ত করেন। প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতা জানিয়ে শিক্ষামন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধান বলেন, স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন এখন সৃজনশীলতা ও উদ্ভাবনের কেন্দ্রস্থলে পরিণত হয়েছে। এখানে সারা দেশ থেকে ছাত্রছাত্রীরা এসে সমসাময়িক বিভিন্ন সমস্যার সমাধানে তাদের ধীশক্তি প্রয়োগ করছেন। ছাত্রছাত্রীদের বিকশিত ভারতের চালিকাশক্তি হিসেবে অভিহিত করে তিনি বলেন, তাদের উৎসাহ ও উদ্ভাবনী ক্ষমতা বিশ্বের বিভিন্ন জটিল সমস্যার সমাধান করতে সক্ষম। এই ছাত্রছাত্রীদের প্রতিভা, দূরদৃষ্টি, পরিশ্রম, নেতৃত্বদানের ক্ষমতা ও উদ্ভাবনী

এরপর ৪ পাতায়

২পাতার পর

# দিঘার জগন্নাথ মন্দিরে পৌঁছালেন মুখ্যমন্ত্রী

ওল্ড দিঘার জগন্নাথ ঘাটে পুরীর আদলে জগন্নাথদেবের মন্দির তৈরি হবে। এই কাজ হিডকোকে দিয়ে করানো হবে। সেই মতো শুরু হয় কাজ। পরবর্তীকালে বনদপ্তরের সঙ্গে জায়গা নিয়ে সমস্যা হওয়ায় সেখানে মন্দিরের কাজ বন্ধ হয়ে যায়। মন্দিরের জায়গা স্থানান্তরিত করা হয় নিউ দিঘা অঞ্চলের দিঘা লারিকা হলিডে ইনের পাশে। এখন সেই মন্দির নির্মাণের কাজ প্রায় শেষের দিকে। ২২ একর জমিতে ১৫০ কোটি টাকা ব্যয়ে নির্মাণ কাজ প্রায় শেষের দিকে। মুখ্যমন্ত্রী সবদিক ঘুরে দেখেন। হিডকোর ইঞ্জিনিয়ারদের সঙ্গে কথা বলেন। কাজের আগ্রগতি দেখে খুশি মুখ্যমন্ত্রী।

২ পাতার পর

# দিল্লিতে অবৈধ বাংলাদেশিদের গ্রেপ্তারে পুলিশের বিশেষ অভিযান

দেওয়া হয়।

এই নির্দেশ পাওয়ার পর বুধবার দিল্লির কালিন্দি কুঞ্জ এলাকর বাসিন্দাদের নথি যাচাইয়ের জন্য পুলিশের একটি দল অভিযান চালায়। এ সময় সেখানকার বাসিন্দাদের প্রত্যেকের নথিপত্র যাচাই করা হয়।

কয়েক দিন আগে দিল্লির মুসলিম নেতাদের একটি প্রতিনিধি দল লেফটেন্যান্ট গভর্নর সাক্সেনার সঙ্গে সাক্ষাৎ করে দিল্লিতে অবৈধ অনুপ্রবেশকারীদের ক্রমবর্ধমান উপস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন এবং এই সমস্যার সমাধানে জরুরি ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান।

দিল্লি পুলিশ বলেছে, তারা অবৈধভাবে বসবাসকারীদের শনাক্ত ও অবৈধ উপায়ে পাওয়া তাদের সরকারি নথিপত্র বাতিল এবং বাংলাদেশে প্রত্যাবাসন নিশ্চিত করার লক্ষ্যে এই অভিযান পরিচালনা করছেন।

২ পাতার পর

# নতুন বাবরি মসজিদ বানানোর ঘোষণা তৃণমূল নেতার

মসজিদটি উদ্বোধনের সময় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পাশাপাশি ভারতের প্রধানমন্ত্রীকেও আমন্ত্রণ জানাবেন বলে জানিয়েছেন তৃণমূল বিধায়ক। তিনি জানান, মসজিদ নির্মাণ করতে ৩-৪ বছর সময় লাগবে। ২০২৯ সালের লোকসভা নির্বাচনের পর উদ্বোধন করা হবে মসজিদটি।

এদিকে হুমায়ুন কবীরের এই ঘোষণার জবাবে বঙ্গীয় হিন্দু সেনাপতি সংগঠনের সভাপতি অম্বিকানন্দ মহারাজ বলেছেন, বেলডাঙায় বাবরি মসজিদ তৈরি হোক, তাতে কোনো আপত্তি নেই। তবে মুর্শিদাবাদে প্রতিটি বিধানসভায় একটি করে রাম মন্দির হবে। মুর্শিদাবাদজুড়ে ২২টি রাম মন্দির তৈরি করা হবে।

২ পাতার পর

# ভারতে ভাঙা হলো শতাব্দীপ্রাচীন মসজিদ

মালিকসহ ১৩৯ জনকে নোটিশ দিয়েছিল গণপূর্ত বিভাগ। কিন্তু এরপরও সেই অংশ ভাঙা না হওয়ায় মঙ্গলবার তা ভেঙে দেয়া হয়।

তিনি বলেন, সড়কের ওপরে থাকা সব ভবন চিহ্নিত করে নোটিশ দিয়েছিল গণপূর্ত বিভাগ। অন্যরা সেপ্টেম্বরেই চিহ্নিত অংশ ভেঙে ফেলে। মসজিদ কমিটিও সড়কের ওপর থাকা দোকানের অংশবিশেষ ভেঙেছে। তবে গণপূর্ত বিভাগকে প্রতিশ্রুতি দিয়েও নির্ধারিত সময়ের মধ্যে তারা মসজিদের অংশবিশেষ ভাঙেনি।

মসজিদ ভাঙার বিষয়টি নিয়ে জানতে ইন্ডিয়ান এক্সপ্রেসের পক্ষ থেকে মসজিদ কমিটির সঙ্গে যোগাযোগ করা হয়েছিল। তবে তাৎক্ষণিকভাবে তাদের সাড়া পাওয়া যায়নি।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ৩৩৪ সংখ্যা ১২ ডিসেম্বর, ২০২৪ বৃহস্পতিবার ২৬ অগ্রহায়ণ, ১৪৩১

৩ পাতার পর

## আইআইটি খড়গপুরের পড়ুয়াদের সঙ্গেও কথা বললেন প্রধানমন্ত্রী

শক্তি দেশকে একবিংশ শতাব্দীতে এক জ্ঞান ভিত্তিক অর্থনীতি হয়ে ওঠার দিকে এগিয়ে নিয়ে যাবে বলে তিনি আশাপ্রকাশ করেন।

ডঃ সুকান্ত মজুমদার বলেন, স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন বিভিন্ন চ্যালেঞ্জকে সুযোগে পরিণত করেছে। দেশের তরুণ প্রতিভা জাতি গঠনের কাজে নিয়োজিত হওয়ার সুযোগ পাচ্ছে। হ্যাকাথনে মহিলাদের অংশগ্রহণের হার বৃদ্ধির উল্লেখ করে তিনি বলেন, অন্তর্ভুক্তিকরণের দিকে এ এক উল্লেখযোগ্য পদক্ষেপ। প্রতিটি দলেই অন্তত পক্ষে একজন করে মহিলা সদস্য রয়েছেন। গত সংস্করণগুলির মতো এবারেও পড়ুয়াদের দলগুলি বিভিন্ন সমস্যা সমাধানের প্রয়াস চালাবে। সমস্যাগুলিকে ১৭টি ক্ষেত্রে ভাগ করা হয়েছে। এগুলি হলো - স্বাস্থ্য পরিষেবা, সরবরাহশৃঙ্খল ও লজিস্টিকস, স্মার্ট প্রযুক্তি, ঐতিহ্য ও সংস্কৃতি, সুস্থিতি, শিক্ষা ও দক্ষতা উন্নয়ন, জল, কৃষি ও খাদ্য, উদীয়মান প্রযুক্তি এবং বিপর্যয় মোকাবিলা। প্রাতিষ্ঠানিক স্তরে এবার অংশগ্রহণের ক্ষেত্রে ১৫০ শতাংশ বৃদ্ধি লক্ষ করা গেছে।

পশ্চিমবঙ্গে আইআইটি খড়গপুরে মহাসমারোহে হ্যাকাথনের ভার্চুয়াল উদ্বোধন হয়েছে। প্রতিষ্ঠানের অধিকর্তা অধ্যাপক ভিকে তেওয়ারি ছাত্রছাত্রীদের বিভিন্ন সমস্যার স্মার্ট ও নজিরবিহীন সমাধান করতে উদ্যোগী হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, এইসব সমাধানের জাতীয় ও বিশ্বজনীন তাৎপর্য রয়েছে। ডিজিটাল ইন্ডিয়া, স্মার্ট সিটি, স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা, শক্তি, পরিবেশ, পরিবহণের মতো ক্ষেত্রে সমস্যার সমাধান স্মার্ট ও সুস্থিত ভবিষ্যৎ সুনিশ্চিত করবে বলে তিনি মন্তব্য করেন।

আইআইটি খড়গপুরের উপ অধিকর্তা অধ্যাপক ঋতু ব্যানার্জী, রেজিস্ট্রার ক্যাপ্টেন (অবসরপ্রাপ্ত) অমিত জৈন, অন্য অধ্যাপকরা, ছাত্রছাত্রী ও প্রাক্তন ছাত্রছাত্রীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

হ্যাকাথনের সফটওয়ার সংস্করণ টানা ৩৬ ঘণ্টা ধরে চলবে। হার্ডওয়ার সংস্করণ চলবে ডিসেম্বরের ১১ থেকে ১৫ তারিখ পর্যন্ত।

## সম্পাদকীয়

### ভারত সরকার হিন্দুদের রক্ষা করুক', বলছেন মমতা

এটা ভারত সরকারের ব্যাপার। আমরা চাই ওরা হিন্দুদের রক্ষা করুক। বিরোধী দল এখানে দায়বদ্ধতার পরিচয় দিচ্ছে। দায়িত্ব নিয়ে দায়িত্ববান বিরোধী দলের পরিচয় দিচ্ছে।' দিঘায় জগন্নাথ মন্দিরের উদ্বোধন প্রসঙ্গে বলতে গিয়ে বললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। একইসঙ্গে বাংলাদেশের অশান্তি নিয়ে করলেও তীব্র নিন্দা।যদিও মমতা বলছেন, "বর্ডার থেকে তো অনেকে চলে আসছেন আমি শুনছি। কিন্তু, বিএসএফ কোথাও আটকাচ্ছে কোথাও আটকাচ্ছে না। প্লেনে করেও তো লোকজন আসছে। ভিসা, পাসপোর্ট যাঁদের আছে তাঁরা আসছেন। কোনও বর্ডার বন্ধ করা হয়নি। তাই এটা ভারত সরকারের ব্যাপার। আমরা চাই ওরা হিন্দুদের রক্ষা করুক। বিরোধী দল এখানে দায়বদ্ধতার পরিচয় দিচ্ছে।সঙ্গে কেন্দ্রকে 'দায়িত্ব' মনে করিয়ে বললেন, "এটা ভারত সরকারের দেখার কথা। আমি তো শুনেছি ভিসা আরও বাড়ানো হয়েছে। যাতে ওখান থেকে বেশি লোক এখানে আসতে পারে। আমাদের লোকেদের ফিরিয়ে আনার ব্যবস্থা করা হোক। যাঁরা আসতে চায় তাঁদের ফেরানো হোক। কিন্তু, এটা ভারত সরকারের ব্যাপার, পশ্চিমবঙ্গ সরকার ব্যাপার নয়। এটা ওদের দায়িত্ব। বাংলাদেশ নিয়ে যা সিদ্ধান্ত নেওয়ার তা ভারত সরকারই নেবে।" যদিও মমতার মুখে এ কথা শুনেই ফের একবার সিএএ ইস্যুতে সুর চড়িয়েছে বিজেপি।

বিজেপির দাবি, সিএএ-র বিরোধিতা করা যে ভুল হয়েছে তা স্বীকার করুন মমতা। চাঁচাছোলা ভাষায় মমতার বিরুদ্ধে আক্রমণ শানিয়ে বিজেপি নেতা জগন্নাথ চট্টোপাধ্যায় বলেন, "মমতার মুখে হিন্দু শব্দ শুনে দু'হাত ভরে হাততালি দিতে চাই। কিন্তু, আপনি বলেন তাহলে সিএএ জরুরি ছিল। ওপারের হিন্দুদের এপারে নিয়ে চলে আসার কথা বলছেন। আনতে পারা যাচ্ছে না তো আপনার জন্য।"আক্রমণের ধার বাড়িয়ে তিনি আরও বলেন, "আপনি বলেছেন সিএএ মানব না। কেন্দ্র তো রেডি। আপনি বলেছেন নাগরিকত্ব আইন মানব না। কিন্তু, আমরা তো ধর্মীয় কারণে নিপীড়িত হিন্দুদের এদিকে নিয়ে এসে নাগরিকত্ব দিতে চাই। সেই জন্য আইন করা হয়েছে। কিন্তু, তার বিরোধিতা কে করেছে? মমতা বন্দ্যোপাধ্যায়কে আজ বলতে হবে সিএএ-র বিরোধিতা করা অন্যায় হয়েছে।" প্রসঙ্গত, বাংলাদেশে সংখ্যালঘুদের উপর লাগাতার নির্যাতনের প্রতিবাদে সরব হয়েছে ভারতও। ইতিমধ্যেই ঢাকায় গিয়ে কড়া বার্তা দিয়ে এসেছেন বিদেশ সচিব। রোজই বাংলাদেশের বিরুদ্ধে সুর চড়াতে দেখা যাচ্ছে বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী-সহ একাধিক বিজেপি নেতাকে।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তেমনি সকল প্রকার দেবদেবীর পুজোও আমাদের বিধাতার রীতি নীতি মেনে চলাই হল একমাত্র প্রধান কাজ। আমাদের হিন্দু শাস্ত্র মতে অনেক দেবদেবীর পুজো আমরা করে থাকি। আমরা প্রত্যেক দেবদেবীর পুজো করে থাকি ভগবানের আশীর্বাদ পাবার জন্য। প্রত্যেক ভগবানের অর্থাৎ প্রত্যেক দেবদেবীর আলাদা আলাদা আশীর্বাদের জন্যই আমরা পুজো করে থাকি। তাদের মধ্যে মা লক্ষী হল আমাদের ধন, সম্পদ, ঐশর্য, সুখ, শান্তি, ইত্যাদি আশীর্বাদের আশায়। **ক্রমশঃ**



## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।


# বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



মৃত্যুঞ্জয় সরদার
(উনিশতম পর্ব)





গোপালের উপাস্য মাতৃকা ছিলেন, তারনাথ বলে গেছেন)। আছেন বজ্রবারাহীও। যদিও অক্ষোভ্যকুলের দেবতাদের শক্তি হিসেবে বজ্রবারাহীকে কল্পনা করা হয় আমরা দেখেছি।

"অষ্টভুজ মূর্তিতে মারিচী দেবীর তিনটি মুখ এবং আটটি হাত।, বাম মুখ নীলবর্ণ এবং শূকরমুখের ন্যায় বিকৃত, বীররস ব্যঞ্জক, দ্রংষ্টাকরাল এবং ললজিহ্ব (ংরপ)" (বিনয়তোষ ৫৪)।

"বজ্রবারাহী।। বৈরোচন-কুলের দেবী বজ্রবারাহী তান্ত্রিকদের এক অতি প্রিয় দেবতা। ইঁহার পূজা ও সাধনার জন্য পৃথক তন্ত্র রচিত হইয়াছিল। তন্ত্রগ্রন্থে বজ্রবারাহীকে শ্রীহেরুক দেবের অগ্রমহিষী বলিয়া বর্ণনা করা হইয়াছে। বজ্রবারাহীর গায়ের রং লাল এবং ইনি দিগ্‌বসনা, একমুখা এবং দ্বিভুজা। ইনি একটি শবের উপর অর্ধপর্যঙ্কাসনে নৃত্য করিতে থাকেন। ইঁহার দক্ষিণ হস্তে উদ্যত কর্ত্রি থাকে এবং বামে হৃৎপ্রদেশে রক্ত পরিপূরিত কপাল থাকে। ইঁহার স্কন্ধ হইতে একটি ভীষণাকৃতি খট্বাঙ্গ প্রলম্বিত হইয়া থাকে। দেবীর মূর্তি ও মুখমন্ডল ভয়প্রদ ও ক্রোধব্যঞ্জক। মাথার পার্শ্বদেশ হইতে একটি বরাহমুখ বহির্গত হয়।" (বিনয়তোষ ৫৫)। "বজ্রসত্ত্বাত্মিকা। বজ্রসত্ত্বাত্মিকা ষষ্ঠ ধ্যানিবুদ্ধ বজ্রসত্ত্বের শক্তিরূপে পরিগণিত হন। ইঁহার মন্ত্রপদ গুহ্যসমাজে দৃষ্টিগোচর হন না। ইঁহার বর্ণ সাদা এবং ইনি দক্ষিণ হস্তে কর্ত্রি ও বাম হস্তে কপাল ধারণ করেন। ইঁহার মূর্তি প্রায়ই দেখিতে পাওয়া যায় না, তবে বজ্রসত্ত্বের যুগনদ্ধ মূর্তিতে ইঁহার রূপ কখনো কখনো দেখা যায়।

এই স্থানে বলিয়া রাখা দরকার যে, কুল বা বংশ হিসাবে বজ্রযানে পাঁচটি কুলই প্রচলিত ছিল। বজ্রসত্ত্বের কোনো কুল ছিল না" (বিনয়তোষ ১৪)।

অক্ষোভ্যকুলের বর্ণ নীল, এবং দেব-

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# যুক্তরাষ্ট্রে জন্মসূত্রে নাগরিকত্ব বাতিল হলে ফেঁসে যাবেন ৩৪ শতাংশ ভারতীয়



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

যুক্তরাষ্ট্রের মূলভূখণ্ডে জন্ম নেওয়ার শর্তে মার্কিন নাগরিকত্ব পাওয়ার জন্মগত অধিকার বাতিল করার কথা জানিয়েছেন দেশটির নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এমন পদক্ষেপ নেওয়া হলে ফেঁসে যেতে পারেন দেশটিতে বসবাসকারী ৩৪ শতাংশ ভারতীয়। প্রবাসী বাবুমা অন্য দেশের নাগরিক হলেও যুক্তরাষ্ট্রে জন্ম নিলেই তাদের নবজাতক মার্কিন নাগরিকত্ব পাওয়ার বিধান রয়েছে আমেরিকায়। মার্কিন সংবিধানের ১৪তম সংশোধনীর মাধ্যমে দেড়শ' বছরেরও বেশি সময় ধরে দেশটিতে বহাল এ ঐতিহাসিক বিধান। তবে এই শতবর্ষী বিধান সংশোধন করে জন্মসূত্রে নাগরিকত্ব পাওয়ার অধিকার বাতিলের কথা বারবার বলছেন নবনির্বাচিত (প্রেসিডেন্ট-ইলেক্ট) প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আর তার এই জোর তৎপরতা উদ্বিগ্ন করে তুলেছে দেশটিতে বসবাসরত এক-তৃতীয়াংশ প্রবাসী ভারতীয়দের।

২০২২ সালে মার্কিন আদমশুমারি অনুযায়ী, দেশটির অন্যতম জরিপ প্রতিষ্ঠান পিউ রিসার্চ জানায়, যুক্তরাষ্ট্রে প্রায় ৪৮ লাখ ভারতীয়আমেরিকান বসবাস করছেন। এর মধ্যে ৩৪ শতাংশ, অর্থাৎ ১৬ লাখের জন্ম যুক্তরাষ্ট্রের মাটিতে। ফলে তারা আইনগতভাবে যুক্তরাষ্ট্রের নাগরিক। যদি ট্রাম্প এই আইনটি বাতিল করেন, তাহলে এই ১৬ লাখ ভারতীয়-আমেরিকান নাগরিকত্ব হারানোর ঝুঁকিতে পড়তে পারেন।

মার্কিন সংবিধানের ১৪তম সংশোধনী অনুযায়ী, "যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারী এবং নাগরিকত্বের শর্ত পূরণকারী সব ব্যক্তি দেশটির এবং যে অঙ্গরাজ্যে জন্মগ্রহণ করেছিলেন তিনি ওই রাজ্যের নাগরিক হবেন।"

তবে রিপাবলিকান প্রেসিডেন্ট ট্রাম্পের কাছে এই আইন 'হাস্যকর'। প্রেসিডেন্ট হিসেবে প্রথম মেয়াদেও এই আইনের বিরুদ্ধে কথা বলেছিলেন তিনি। যদিও শেষ পর্যন্ত সেই আইন পরিবর্তন করেননি ট্রাম্প। প্রেসিডেন্ট হিসেবে দ্বিতীয় মেয়াদে নির্বাচিত হওয়ার পর গত শুক্রবার সাফ জানিয়ে দিয়েছেন, ২০ জানুয়ারি শপথ নিয়েই যেসব নির্বাহী আদেশ দেবেন তার মধ্যে এটিও থাকবে।

ট্রাম্প গত শুক্রবার এনবিসি নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেন, "আমি (প্রবাসী) পরিবারগুলো ভাঙতে চাই না। তাই একমাত্র উপায়, সবাইকে একসঙ্গে তাদের (উৎস) দেশে ফেরত পাঠানো। অর্থাৎ, আইনি প্রক্রিয়ায় এই ধরনের নাগরিকদেরও পরিবারের সঙ্গে ফেরত পাঠিয়ে দেওয়া হবে।"

ভারতীয় সংবাদমাধ্যম বিজনেস স্ট্যান্ডার্ডকে আইনজীবী রাসেল এ স্টেমেটস বলেন, ট্রাম্প ও তার অনুসারীরা মনে করেন, সব দেশে এমন বিষয় নেই। এই আইনের অপব্যবহার হচ্ছে। মার্কিন নাগরিক হওয়ার কঠোর মানদণ্ড থাকা উচিত বলে মনে করেন তারা।

একে 'বার্থ টুরিজম' (জন্ম পর্যটন) হিসেবে অভিহিত করে ট্রাম্প এই নীতির বিরোধিতা করে বলেন, অনেকে সন্তানকে জন্মসূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিক বানাতে এখানে এসে সন্তান জন্ম দেন। পরে তারা নিজ দেশে ফিরে যান।

নাম্বারস ইউএসএ'র গবেষণা পরিচালক এনরিক রুয়ার্ক বার্তা সংস্থা অ্যাসোসিয়েটেড প্রেসকে (এপি) বলেন, "শুধু যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে প্রবেশ করে একটি শিশু জন্মই নাগরিকত্ব পাওয়ার যোগ্যতা হওয়া উচিত নয়।"

তবে কাজটি মোটেও সহজ হবে না। এভাবে জন্মসূত্রে নাগরিকদের বাছাই প্রক্রিয়ায় পড়ে অনেক নাগরিকই হয়রানির শিকার হতে পারেন। আমেরিকান ইমিগ্রেশন কাউন্সিলের ২০১১ সালের একটি নথি অনুযায়ী, জন্মসূত্রে নাগরিকত্ব বাতিল করা হলে এটি সবার ওপর প্রভাব ফেলবে। মার্কিন বাবা-মায়েদের জন্য তাদের শিশুদের নাগরিকত্ব প্রমাণ করা কঠিন হয়ে পড়বে।

৩ পাতার পর

# ভারতে আ.লীগ ৪ নেতা ধর্ষণের দায়ে গ্রেপ্তার হয়নি, জানা গেল আসল কারণ

জানতে মেঘালয়ের পশ্চিম জৈন্তিয়া পাহাড় জেলার জোওয়াইয়ের পুলিশ সুপার চেমফাং সিরটির সাথে যোগাযোগ করে রিউমর স্ক্যানার টিম। তিনি জানান, বিশ্বস্ত সূত্রের ভিত্তিতে ভারতের বিদেশি আইন এবং মারধরের মামলায় ওই বাংলাদেশি নাগরিকদের গ্রেপ্তার করা হয়েছে। বৈধ কাগজপত্র না থাকায় তাদের অবৈধভাবে ভারতে অনুপ্রবেশের অভিযোগে আটক করা হয়েছে। বর্তমানে মারধরের ঘটনায় তাদের সম্পৃক্ততার বিষয়টি তদন্তাধীন। আদালতের নির্দেশে তাদের বিচারিক হেফাজতে রাখা হয়েছে। তাদের বিরুদ্ধে ধর্ষণ বা যৌন হয়রানির কোনো অভিযোগ নেই।

সুতরাং, অবৈধভাবে ভারতে অনুপ্রবেশ, মারধর ও ডাকাতির অভিযোগে গ্রেফতার হওয়া সিলেটের আওয়ামী লীগ ও যুবলীগের চার নেতাকে ধর্ষণের অভিযোগে গ্রেফতার করা হয়েছে বলে ইন্টারনেটে প্রচারিত দাবিটি বিভ্রান্তিকর।

২ পাতার পর

# সরকারি বাসের ধাক্কায় নিহত ৬

সিসিটিভি ফুটেজে দেখা গেছে, লাল বাসটি প্রচণ্ড গতিতে রাস্তা দিয়ে ছুটে চলেছে। এটি প্রথম যে গাড়িটিকে ধাক্কা মেরেছিল সেটি ছিল একটি অটোরিকশা।

পৌরসভার এক কর্মকর্তা সংবাদ সংস্থা পিটিআইকে জানিয়েছেন, সম্ভবত বাসটির ব্রেক ফেল করায় বাস চালক বাসটির নিয়ন্ত্রণ হারিয়ে কয়েকজন পথচারী ও যানবাহনকে ধাক্কা দেয়। এরপর বাসটি একটি আবাসিক কমপ্লেক্সের গেটে গিয়ে ধাক্কা দেয়। ওই এলাকার স্থানীয় বাসিন্দা ও প্রত্যক্ষদর্শী জিয়াদ আহমেদ পিটিআইকে জানিয়েছেন, তিনি রেলস্টেশনে যাওয়ার জন্য বাড়ি থেকে বের হওয়ার সময় একটি বিকট শব্দ শুনতে পান। জিয়াদ পিটিআইকে বলেছেন,'আমি ছুটে দুর্ঘটনাস্থলে গিয়ে দেখতে পাই একটি বেস্ট বাস পথচারীদের, একটি অটোরিকশা ও তিনটি গাড়িসহ বেশ কয়েকটি যানবাহনকে ধাক্কা দিয়েছে। আমরা অটোরিকশায় থাকা যাত্রীদের উদ্ধার করে অন্য একটি তিন চাকার গাড়িতে করে ভাবা হাসপাতালে নিয়ে যাই। আমার বন্ধুরাও আহতদের সাহায্য করেছিল।'

অন্য প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, বাসটি একটি পুলিশের গাড়িকেও ধাক্কা দিয়েছে। বেস্ট আন্ডারটেকিং এর মুখপাত্র সুদাস সাওয়ান্ত জানিয়েছেন, বাস চালক বাসের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেছিলেন। বাসটির গতি বেড়ে গিয়েছিল। আর যাতে এ দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনায় ২০-২৫ টি যানবাহন ক্ষতিগ্রস্থ হয়েছে।

২ পাতার পর

# 'যা করেছি ভুল করেছি'- মমতার কাছে চিঠি সুখেন্দুর

রাজ্যসভার সাংসদ সুখেন্দুশেখর রায়। দিল্লির দলীয় কার্যালয়েও যাওয়ার কথা রয়েছে তাঁর। সূত্রের খবর, আরজি কর কাণ্ডের পর তাঁর প্রতিবাদের ধরনে ভুল ছিল বলে দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি লিখে স্বীকার করে নিয়েছেন সুখেন্দুশেখর। এই রাজনৈতিক নেতারা বোঝেন না যে রাজনীতি করলে আর আপনার কোনো স্বাধীন মতামত থাকতে পারে না। স্বাধীন ভাবনাকে বন্ধক দিতে হয় রাজনীতির কাছে।

সাংসদ সুখেন্দু শেখর রায়ের অবস্থাও তাই। সূত্রের খবর, ওই চিঠির পরেই সুখেন্দুশেখর রায়ের প্রতি দলের শীর্ষ নেতৃত্বের মনোভাবও নমনীয় হয়েছে। তৃণমূল সূত্রে খবর, দলনেত্রীকে চিঠি লিখে সুখেন্দুশেখর লিখেছেন, "যা করেছি, ভুল করেছি। কোথাও ছেড়ে আপনাকে যাব না। আমার আরও দায়িত্বশীল হওয়া উচিত ছিল।" আজ দিল্লিতে রাজ্যসভার সাংসদদের বৈঠকে যোগ দেবেন সুখেন্দুশেখর। সূত্রের খবর, সাত দিন আগে তিনি কুণাল ঘোষের সঙ্গে কথা বলেন। কুনাল ঘোষের পরামর্শে তিনি দলনেতৃকে চিঠি লেখেন।

# সিনেমার খবর

# যেভাবে বাংলাদেশের সঙ্গে নিবিড় সম্পর্ক বলিউড অভিনেত্রী অনন্যার



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

অনন্যা পান্ডে, বলিউডের উঠতি তারকাদের মধ্যে অন্যতম জনপ্রিয় তিনি। তার আরেকটি পরিচয় তিনি বলিউড অভিনেতা চাঙ্কি পান্ডের মেয়ে। সেই সূত্রে বাংলাদেশের সঙ্গে তার রয়েছে নিবিড় সম্পর্ক।

অনন্যা জানিয়েছেন, বাবার লড়াই থেকে অনেক কিছু শিখেছেন তিনি। সেই শিক্ষাই তাঁকে মাটিতে পা রাখতে শিখিয়েছে। জন্মের পর থেকেই তিনি বাবার কেরিয়ারের ওঠাপড়া দেখেছেন। বিশেষত, জ্ঞান হওয়ার পরে অনন্যা দেখেন, বাবা চাঙ্কির কেরিয়ার ডুবন্ত। আশির দশক থেকে চাঙ্কির কেরিয়ারের শুরু। তারপর নব্বইয়ের দশকে তারকার তকমা পান চাঙ্কি। অনন্যার জন্ম ১৯৯৮ সালে। সেই সময় থেকেই হাতে কাজ কমতে থাকে চাঙ্কির। বাবার জীবনে চড়াই-উৎরাই দেখেও অভিনয়কেই পেশা হিসেবে বেছে নেন অনন্যা। দীর্ঘ পথ পেরিয়ে বলিউডে ধীরে ধীরে নিজের জমি শক্ত করছেন তিনি। চলতি বছরে পর পর তিনটি কাজ মুক্তি পেয়েছে তার। তিনটিতেই মোটের উপর প্রশংসা কুড়িয়েছেন অনন্যা। তবে এই প্রজন্মের চর্চিত এই অভিনেত্রী অনন্যার বাংলাদেশের সঙ্গে রয়েছে নিবিড় যোগ।

অনন্যার বাংলাদেশের সঙ্গে যোগসূত্রের কথা জানিয়েছেন তার বাবা চাঙ্কি। এক সময় অভিনেতা টানা পাঁচ বছর বাংলাদেশের সিনেমায় কাজ করেছেন। ভারতের থেকে তিনি বেশি জনপ্রিয় হয়ে ওঠেন বাংলাদেশি দর্শকদের মধ্যে। এক সময় মুম্বাই ছেড়ে বাংলাদেশেই থাকতে শুরু করেন অভিনেতা। ১৯৯৮ সালে ভাবনা পান্ডেকে যখন বিয়ে করেন চাঙ্কি, সে সময় বাংলাদেশে ছিলেন অভিনেতা। স্ত্রী ভাবনাকেও সঙ্গে নিয়ে চলে আসেন বাংলাদেশে।

চাঙ্কির কথায়, “আমি মধুচন্দ্রিমায় ভাবনাকে বাংলাদেশে নিয়ে আসি। একটা ছবি শেষ করার ছিল। সেই সময় অনন্যা ভাবনার গর্ভে আসে। যদিও মুম্বাই ফিরে সেটা জানতে পারি।”

বাংলাদেশে জনপ্রিয়তা পেয়েও একটা সময় এখানেও কাজ কমতে থাকে চাঙ্কির। স্ত্রীর কথামতো মুম্বাই ফিরে যান এবং সেখানেই কাজ খুঁজতে থাকেন। এখন সময়ে নায়কের চরিত্রেই অভিনয় করতেন চাঙ্কি। কিন্তু পরিস্থিতি খারাপ হওয়ার পরে অন্য ধরনের চরিত্রে কাজ করতে তার কোনও আপত্তি ছিল না। নির্দ্বিধায় নতুন ধরনের চরিত্রে নিজেকে মানিয়ে নিয়েছিলেন অভিনেতা। যেকোনও ভাষায়, চরিত্র যেমনই হোক, নিজে মন দিয়ে অভিনয় করতেন। বাবার এই গুণ প্রেরণা জুগিয়েছে অনন্যাকেও।

## আসছে পুষ্পা ৩, মুক্তি কবে?



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

'পুষ্পা টু' নিয়ে আল্লু অর্জুন ভক্তদের উন্মাদনা থামেনি। সেই উল্লাস আরও জোরালো ছবির শেষে। কারণ, নির্মাতা সুকুমারের পক্ষ থেকে 'পুষ্পা ৩'-এর ঘোষণা হয়েছে। তবে ছবি দেখে আনন্দে ভাসতে ভাসতে যখন অনুরাগীরা ফিরেছেন তখনই মনখারাপের মতো খবর। ছবির সিক্যুয়েল হবে, কিন্তু দীর্ঘ ছয় বছরের প্রতীক্ষা! একটা ছবির জন্য এতগুলো বছর অপেক্ষায় থাকতে হবে? কিছুতেই মেনে নিতে পারছেন না নায়কের ভক্তরা। তাদের প্রশ্ন, কোনও ছবির প্রত্যেক ফ্র্যাঞ্চাইজি যদি ব্লকবাস্টার হয়, তা হলে সেই ধারা ধরে রাখতে দ্রুত তার পরের পর্ব দর্শককে উপহার দেওয়া উচিত। কিন্তু তারা হতাশ, সুকুমার বা আল্লু অর্জুন সেই পথে হাঁটছেন না।

ছবির পরবর্তী পর্ব নিয়ে যখন আলোচনা তুঙ্গে তখনই এত সময় নেওয়ার কারণ জানিয়েছেন নির্মাতা। সুকুমারের প্রথম যুক্তি, ছবির চিত্রনাট্যে সবে হাত দিয়েছেন। ফলে, সেটি তৈরি করতে অনেকটা সময় লাগবে। নির্মাতার পরের যুক্তি, একইভাবে আল্লু অর্জুনের হাতে একাধিক ছবির কাজ রয়েছে। সেগুলো 'পুষ্পা টু'র জন্য থমকে ছিল। এবার সেই ছবিগুলোর কাজ শেষ করতে হবে নায়ককে। ফলে, ছবিটি মুক্তি পাবে ২০২৮ কিংবা ২০২৯ সালে।

পাশাপাশি, আরও একটা কথা ঘুরছে দক্ষিণী বিনোদন দুনিয়ায়। পরের পর্বে দর্শকের জন্য আরও একটি বড় চমক অপেক্ষা করছে। ছবির খলনায়ক বদলে যেতে পারে। দ্বিতীয় পর্বে এবার নামজাদা খলনায়ক ফহাদ ফাসিল এবং তারক পোন্নাপ্পা দুরন্ত অভিনয় করেছেন।

## বিচ্ছেদের গুঞ্জন উড়িয়ে যে জবাব দিলেন ঐশ্বরিয়া



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

ঐশ্বরিয়া রাই বচ্চন এবং অভিষেক বচ্চনের দাম্পত্য জীবন নিয়ে নানা আলোচনা চারিদিকে। বলিপাড়ায় কানাঘুষো, বিচ্ছেদের পথে হাঁটতে চলেছেন এই তারকা দম্পতি। ডিভোর্স গুঞ্জনের মাঝে সম্প্রতি দুবাইয়ে একটি পার্টিতে একসঙ্গে দেখা গেল তারকা দম্পতিকে। এই অনুষ্ঠানে তাদের ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে।

তাদের দু'জনের এই ছবি বিবাহ বিচ্ছেদকে অনেকাংশে গুজবে পরিণত করেছে বলা চলে। ভাইরাল হওয়া ছবিতে দেখা যায়, এ তারকা দম্পতি আয়েশা ঝুলকা, অনুরঞ্জন এবং অন্যান্য সেলিব্রিটিদের সঙ্গে পোজ দিতেও দেখা গেছে। সেখানে ঐশ্বরিয়ার মা বৃন্দা রাইও উপস্থিত ছিলেন।

চলচ্চিত্র পরিচালক অনু রঞ্জন এই ছবিটি সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেছেন। যেখানে ঐশ্বরিয়াকে একটি সেলফি তুলতে দেখা গেছে এবং সঙ্গী অভিষেক এবং তার মা বৃন্দা।

ছবির ক্যাপশনে লেখা, 'অনেক ভালোবাসা।' এই পার্টিতে সচিন তেন্ডুলকর, তুষার কাপুরসহ অন্যান্য সেলিব্রিটিরাও উপস্থিত ছিলেন। এদিকে কয়েক সপ্তাহ আগে ঐশ্বরিয়া এবং অভিষেকের কন্যা আরাধ্যার ১৩তম জন্মদিনও একসঙ্গে উদযাপন করেন।

প্রাথমিকভাবে নেটিজেনদের মনে হয়েছিল, অভিষেক তার মেয়ের জন্মদিনের পার্টিতে যোগ দেননি। পরে একটি ভিডিও প্রকাশ্যে আসে। যেখানে দেখা যায় তারা ওইদিন একসঙ্গেই ছিলেন।

এ তারকা দম্পতির বিবাহ বিচ্ছেদের গুঞ্জন অনেক দিন ধরেই চলছে। সম্প্রতি, অমিতাভ বচ্চন তার ব্লগে লিখেছেন, 'আমি পরিবার নিয়ে খুব কম কথা বলি। কারণ এটি আমার ব্যক্তিগত জীবন এবং গোপনীয়তা বজায় রাখতে আমি পছন্দ করি।' বলিউডের এই তারকা জুটি ১৭ বছর আগে বিয়ে করেন। ২০১১ সালে তাদের কন্যা আরাধ্যার জন্ম হয়।

## যে কারণে ইমরান হাশমির ছবির প্রস্তাব ফিরিয়ে দেন কোয়েল মল্লিক



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

টালিউডের তারকাদেরও কম-বেশি বলিউডের ছবিতে দেখা যায়। মূলত বলিউড থেকে বহু প্রস্তাব আসতো তাদের কাছে। সেই তালিকায় আছে অভিনেত্রী কোয়েল মল্লিকেরও নাম। একবার বলিউডের ইমরান হাশমির সঙ্গে অভিনয় করার প্রস্তাব আসে তার কাছে। কিন্তু সেই ছবির প্রস্তাব ফিরিয়ে দেন নায়িকা!

তবে কোয়েলের কাছে এই প্রস্তাবটি ছিল অনেক আগের; অভিনেত্রীর ক্যারিয়ার শুরুর দিকের সময়। কিন্তু কেন প্রস্তাবটি গ্রহণ করেননি নায়িকা? বিপরীতে ইমরান হাসমি বলেই কি এই সিদ্ধান্ত নিয়েছিলেন? এদিকে ইমরান হাশমি পর্দায় কেমন চরিত্রে কাজ করেন, তা প্রায় সবারই জানা। ইমরান পর্দায় থাকা মানেই নানান দৃশ্যে উষ্ণ আবেদন, এমন একটা ইমেজ ছিল তার। যদিও সময়ের ব্যবধানে অন্য ধারার চরিত্রে কাজ করার চেষ্টা করেন এই নায়ক। কিন্তু তাতেও দর্শকদের কাছে ইমরান হাশমি এখনও সেই 'হটস্টার' হয়েই আছেন।

সেই সময়ে ইমরানের সাড়া জাগানো একটি ছবি ছিল 'গ্যাংস্টার'। যেখানে ইমরানের বিপরীতে ছিলেন অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। কিন্তু অনেকেরই হয়ত অজানা, সেই চরিত্রে অভিনয় করার কথা ছিল কোয়েল মল্লিকের; টালিউডের এই নায়িকার কাছেই গিয়েছিল এই ছবির প্রস্তাব।

কিন্তু কেন এই ছবির প্রস্তাব ফিরিয়েছিলেন, স্পষ্ট জানিয়ে কোয়েল বলেছিলেন, তিনি আপত্তিকর দৃশ্যে অভিনয় করতে সাবলীল নন। ছবিতে চুম্বনের অনেক দৃশ্যও ছিল, সে জন্যই নাকি রাজি হননি তিনি। কোয়েলের বক্তব্য অনুযায়ী, নিজেদের তৈরি নীতি ভাঙতে রাজি ছিলেন না মল্লিক পরিবারের এই মেয়ে, তাই বলিউডে কাজের সুযোগ পেয়েও হাতছাড়া করেছিলেন তিনি।

## শাহরুখের সমর্থন বা সাহায্যের প্রয়োজন নেই: অভিজিৎ



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

বলিউড বাদশা শাহরুখ খানের কণ্ঠে অভিজিৎ ভট্টাচার্যের গান মানেই সফল। একটা সময় বলিউডে শাহরুখের কণ্ঠে পর পর গান গেয়েছিলেন বাঙালি গায়ক। কিন্তু তার পরে হঠাৎ ছন্দপতন। একটা সময়ের পরে শাহরুখের জন্য আর প্লেব্যাক করেননি অভিজিৎ। সম্প্রতি এক সাক্ষাৎকারে সেই প্রসঙ্গে মুখ খুললেন গায়ক। আত্মসম্মানের জন্যই নাকি এই সিদ্ধান্ত নিয়েছিলেন তিনি। গায়ক বলেছেন, 'আত্মমর্যাদা ক্ষুণ্ন হলে মনে হয়, 'যথেষ্ট হয়েছে'। আমি তো শাহরুখের জন্য গান গাইনি। আমি নিজের কাজের জন্য গেয়েছি। কিন্তু একটা সময়ে দেখলাম চা-পরিবেশককেও কৃতিত্ব দেওয়া হচ্ছে। কিন্তু গায়ককে সেই সম্মান দেওয়া হচ্ছে না। তখন আমি ভাবলাম, 'কেন তোমার কণ্ঠে গান গাইব?'

ভবিষ্যতে শাহরুখের জন্য নিজের কণ্ঠে দেবেন অভিজিৎ? এই প্রসঙ্গে অভিজিৎ বলেন, “এমন নয় যে, শাহরুখের সঙ্গে আমার সম্পর্ক ভেঙে গেছে। কিন্তু শাহরুখ এখন আর মানুষ নেই। ও এখন বিরাট মাপের তারকা। নিজেও হয়ত জানেন না, কোথায় পৌঁছে গেছেন। তাই তার থেকে আমি আর কী-ই বা আশা করব? আমি যেমন ছিলাম, তেমনই রয়ে গেছি।'


'আমি নিজের মতো করে এগিয়েছি। আমি শাহরুখের চেয়ে ৫-৬ বছরের বড়। ও প্রায় ৬০ পেরিয়েছি। আমিও ষাটোর্ধ্ব তাই কারও ক্ষমা চাওয়ারই প্রশ্ন উঠছে না। দু'জনেরই আত্মসম্মান বোধ রয়েছে। আমাদের জন্ম তারিখও পর পর। তাই আমার ওর সমর্থন বা সাহায্যের প্রয়োজন নেই।'

কিছু দিন আগে মুম্বাই শহরে অনুষ্ঠান করে গেলেন আমেরিকার পপ তারকা ডুয়া লিপা। ডুয়া তার গান 'লেভিটেটিং'-এর সঙ্গে মিলিয়ে দেন শাহরুখের 'বাদশাহ' ছবির গান 'উয়ো লড়কি যো সবসে অলগ হ্যায়'। করতালিতে ভরিয়ে দিয়েছিল দর্শক। ছবিতে গানটি গেয়েছিলেন অভিজিৎ। কিন্তু সর্বত্র ডুয়ার সঙ্গে শুধুই শাহরুখের জয়জয়কার হচ্ছে। কোথাও তার নামের উল্লেখ নেই। এই বিষয়টি নিয়ে আক্ষেপ প্রকাশ করেছেন অভিজিৎ।

## রোনালদোর গোলের পরও

# বেনজেমার দলের কাছে হেরে গেল আল নাসর

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



ক্রিশ্চিয়ানো রোনালদো ও করিম বেনজেমা, স্প্যানিশ জায়ান্ট রিয়াল মাদ্রিদের সাবেক তারকা। শুক্রবার দিবাগত রাতে মুখোমুখি হয়েছিলেন তারা। দু'জনই গোল পেয়েছেন। তবে শেষ হাসিটা হাসলেন বেনজেমাই। শেষদিকে গিয়ে তাদের জেতালেন স্টিভেন বেরগুয়াইন।

সৌদি প্রো লিগের ম্যাচ কিং আবদুল্লাহ স্টেডিয়ামে আল নাসরকে ২-১ ব্যবধানে হারিয়েছে আল ইত্তিহাদ। সবগুলো গোলই হয় দ্বিতীয়ার্ধে। করিম বেনজেমা ইত্তিহাদকে এগিয়ে নিয়ে যাওয়ার দুই মিনিট পর আল নাসরকে সমতায় ফেরান রোনালদো। শেষদিকে গোল করে ইত্তিহাদের জয় নিশ্চিত করেন বেরগুয়াইন।

গোলশূন্য প্রথমার্ধের পর দ্বিতীয়ার্ধের ৫৫তম মিনিটে ডেডলক ভাঙেন বেনজেমা। মুন্নাহ আল সানকিতির পাস থেকে গোলটি করেন সাবেক এই রিয়াল মাদ্রিদ তারকা। মৌসুমে এ নিয়ে দশম গোল করলেন তিনি। দুই মিনিট পর আল নাসরকে সমতায় ফেরান রোনালদো। আনহেলো গাব্রিয়েলের প্রথম প্রচেষ্টা ফিরিয়ে দেন প্রতিপক্ষ গোলরক্ষক। ফিরতি বল তিনি পাস দেন পর্তুগিজ তারকাকে। দারুণ শটে জাল খুঁজে নিতে ভুল করেননি সিআর সেভেন। কিন্তু শেষ পর্যন্ত সমতা ধরে রাখতে পারেনি আল নাসর। যোগ করা সময়ের প্রথম মিনিটে দারুণ এক শটে বেন্তোকে পরাস্ত করেন বেরগুয়াইন। সঙ্গে সঙ্গে উল্লাসে ফেটে পড়ে আল ইত্তিহাদ সমর্থকরা।

এই জয়ে শীর্ষস্থান আরও মজবুত হলো ইত্তিহাদের। ১৩ ম্যাচে ১২ জয়ে ৩৬ পয়েন্ট নিয়ে শীর্ষে তারা। এক ম্যাচ কম খেলা আল হিলাল ৩১ পয়েন্ট নিয়ে দুইয়ে। তিনে থাকা আল কাদিসিয়ার পয়েন্ট ২৮। আর ২৫ পয়েন্ট নিয়ে চার নম্বরে আল নাসর।

# এমএলএসের বর্ষসেরা মেসি

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



ইউরোপের পাঠ চুকিয়ে আর্জেন্টাইন কিংবদন্তি লিওনেল মেসি এখন রাজ করছেন যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারে। ইন্টার মায়ামির হয়ে দুর্দান্ত একটি মৌসুম শেষ করেছিলেন। আর সেটিরই পুরস্কার পেলেন এবার। জিতলেন মেজর লিগ সকারের (এমএলএস) মোস্ট ভ্যালুয়েবল প্লেয়ার অ্যাওয়ার্ড। এমএলএসের বিবৃতিতে জানানো হয়েছে, ৩৪.৪৩ শতাংশ ভোট পেয়েছেন মেসি। দ্বিতীয় সর্বোচ্চ ৩৩.৭০ ভোট পেয়েছেন কলাম্বাস ক্রুর ফরোয়ার্ড কুচো এর্নান্দেস। লড়াইয়ে ছিলেন আরও তিন জন, তবে তারা কেউ ১০ শতাংশও ভোট পাননি।

পিএসজি ছেড়ে ২০২৩ সালের জুনে মায়ামিতে যোগ দেন মেসি। তাই এবারই দলটির হয়ে পূর্ণ মৌসুম খেলার সুযোগ পান তিনি। তবে, আর্জেন্টিনার হয়ে কোপা আমেরিকায় খেলার কারণে এবং চোটের ধাক্কায় ৬২ দিন মায়ামির সঙ্গে ছিলেন না ৩৭ বছর বয়সী ফরোয়ার্ড।

তারপরও, অসাধারণ পারফরম্যান্সে সবাইকে ছাড়িয়ে যান মেসি। ১৯ ম্যাচ খেলে ২০টি গোল করার পাশাপাশি ১৬টি অ্যাসিস্টও করেন তিনি।

২০১৫ সালে লস অ্যাঞ্জেলস গ্যালাক্সির রেকর্ড স্কোরার এবং যুক্তরাষ্ট্রের সাবেক তারকা ফুটবলার ল্যান্ডন ডোনোভ্যানের নামানুসারে পুরস্কারটির নামকরণ করা হয় 'ল্যান্ডন ডোনাভ্যান এমএলএস মোস্ট ভ্যালুয়েবল প্লেয়ার।' খেলোয়াড়, গণমাধ্যমকর্মী ও ক্লাবগুলোর ভোটে সেরা খেলোয়াড় নির্বাচন করা হয়।

ইন্টার মায়ামির ইতিহাসে প্রথম খেলোয়াড় হিসেবে এমএলএসের আসরের সেরা খেলোয়াড় হওয়ার কীর্তি গড়লেন মেসি। মেসির হাত ধরেই এবার সবচেয়ে বড় প্রথমের জন্ম দেয় ক্লাবটি। মৌসুমজুড়ে দারুণ ধারাবাহিক পারফরম্যান্সে প্রথমবারের মতো তারা জয় করে সাপোর্টার্স শিল্ড। কেবল তাই নয়, মেজর লিগ সকারে এক মৌসুমে সর্বোচ্চ পয়েন্টের রেকর্ডও গড়ে দলটি; ইস্টার্ন কনফারেন্সে ২২ জয় ও আট ড্রয়ে ৭৪ পয়েন্ট নিয়ে আসরের প্রথম ভাগ শেষ করে ক্লাবটি।

## চ্যাম্পিয়ন্স ট্রফি

# আইসিসি'র বৈঠকে কি আদৌ ছিল পাকিস্তান?



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন

আইসিসি'র চেয়ারম্যান পদে দায়িত্ব নিয়েছেন ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী জয় শাহ। ভারতীয় ক্রিকেট বোর্ডের সাবেক সচিব আইসিসি'র দায়িত্ব নেওয়ার পর অন্য দেশের বোর্ডের কর্তাদের সঙ্গে দেখা করেন। ছবিও তোলেন। কিন্তু জয় শাহ সামাজিক যোগাযোগ মাধ্যমে যে ভিডিও পোস্ট করেছেন তাতে নেই পাকিস্তান ক্রিকেট বোর্ডের প্রধান মহসিন নকভি। তাতেই উঠছে প্রশ্ন। নকভি কি বৈঠকে ছিলেন না?

চ্যাম্পিয়ন্স ট্রফি নিয়ে ভারত এবং পাকিস্তানের বোর্ডের মধ্যে দড়ি টানাটানি চলছে। এবারের প্রতিযোগিতার আয়োজক পাকিস্তান। কিন্তু সে দেশে গিয়ে খেলতে রাজি নয় ভারত। তারা চায় নিরপেক্ষ দেশে দেওয়া হোক ভারতের ম্যাচগুলো। তা নিয়ে বৃহস্পতিবার একটি বৈঠক হওয়ার কথা ছিল। কিন্তু সেটি পিছিয়ে দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। শনিবার সেই বৈঠক হতে পারে। কিন্তু তার আগে আইসিসি-র কর্তাদের সঙ্গে বিভিন্ন বোর্ডের সদস্যদের দেখা হয় দুবাইয়ে আইসিসি'র সদর দফতরে। নকভি দুবাই গেলেও জয় শাহদের সঙ্গে দেখা করেছেন কি না তা স্পষ্ট নয়।

সামাজিক যোগাযোগ মাধ্যমে যে ছবি এবং ভিডিও দেখা যাচ্ছে তাতে আইসিসি'র সদর দফতরে নকভিকে দেখা যায়নি। আইসিসি'র চেয়ারম্যান পদে যোগ দেওয়ার পর জয় শাহ বিভিন্ন দেশের বোর্ডের সদস্যদের সঙ্গে দেখা করেন। তারা ছবিও তোলেন। সেই ছবিতে দেখতে পাওয়া যায়নি নকভিকে। তিনি দেখাই করেননি না কি ছবি তোলার আগে বেরিয়ে গিয়েছেন, তা জানা যায়নি।

# ক্লাব বিশ্বকাপের ড্র: মেসি-নেইমার কোন গ্রুপে?

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



ফিফা ক্লাব বিশ্বকাপের একই গ্রুপে পড়েছে রিয়াল মাদ্রিদ ও আল হিলাল। অর্থাৎ সবকিছু ঠিক থাকলে ক্লাব বিশ্বকাপে দেখা হবে ব্রাজিলের দুই তারকা নেইমার জুনিয়র ও ভিনিসিয়ুস জুনিয়র।

আগামী বছর যুক্তরাষ্ট্রে ৩২ দল নিয়ে বসবে ক্লাব বিশ্বকাপের মেগা আসর। এর আগে ৫ ডিসেম্বর দিনগত রাতে যুক্তরাষ্ট্রের মায়ামিতে হলো জমকালো ড্র অনুষ্ঠান।

আট গ্রুপে ভাগ হয়ে টুর্নামেন্টে অংশ নেবে ৩২টি দল। লিওনেল মেসির ইন্টার মায়ামি পড়েছে তুলনামূলক সহজ গ্রুপে। 'এ' গ্রুপে মেসিদের সবচেয়ে বড় প্রতিপক্ষ পোর্তো। ম্যানচেস্টার সিটি খেলবে জুভেন্টাসের বিপক্ষে। পিএসজির গ্রুপে আছে কঠিন প্রতিপক্ষ অ্যাথলেটিকো মাদ্রিদ।

টুর্নামেন্টের অন্যতম সফল ক্লাব রিয়াল মাদ্রিদ পড়েছে 'এইচ' গ্রুপে। একই গ্রুপে আছে সৌদি ক্লাব আল-হিলাল। সব ঠিকঠাক থাকলে ব্রাজিলের দুই সতীর্থ ভিনিসিয়াস জুনিয়র ও নেইমার জুনিয়র ক্লাব প্রতিপক্ষ হিসেবে একে অপরের মুখোমুখি হতে পারেন। ২০২৫ সালের ১৫ জুন থেকে ১৩ জুলাই পর্যন্ত চলবে বিশ্বকাপ। যুক্তরাষ্ট্রের ১২টি স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে টুর্নামেন্ট। মোট ম্যাচ সংখ্যা ৬৩টি।

এক নজরে কে কোন গ্রুপে

গ্রপ এ : ইন্টার মায়ামি, পালমেইরাস, পোর্তো, আল আহলি।

গ্রুপ বি : পিএসজি, অ্যাথলেতিকো মাদ্রিদ, বোতাফোগো, সিয়াটল।

গ্রুপ সি : বায়ার্ন মিউনিখ, অকল্যান্ড সিটি, বোকা জুনিয়র্স, বেনফিকা।

গ্রুপ ডি : ফ্ল্যামেঙ্গো, ইএস তুনিস, চেলসি, অলিম্পিক লিও।

গ্রুপ ই : রিভার প্লেট, ইউরাওয়া, মন্তেরে, ইন্টার মিলান।

গ্রুপ এফ : ফ্লুমিনেন্স, বরুসিয়া ডর্টমুন্ড, উলসান, মামেলোদি সান্ডওনস।

গ্রুপ জি : ম্যানচেস্টার সিটি, ওয়াইদাদ, আল আইন, জুভেন্টাস।

গ্রুপ এইচ : রিয়াল মাদ্রিদ, আল হিলাল, পাচুয়া, সালজবার্গ।

## কোহলি বা ধোনী নয়:

# ২২ বছর বয়সেই বিশ্বের সবচেয়ে ধনী ক্রিকেটার, কে এই তরুণ?

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



বিশ্বের সবচেয়ে ধনী ক্রিকেটার, এই কথা শুনলে প্রথমেই হয়ত চোখে ভেসে উঠবে বিরাট কোহলি কিংবা টেন্ডুলকার, অথবা ধোনীর ছবি। এটা ভাবার অবশ্য কারণও আছে। যারা জাতীয় দলে খেলেন তাঁদের ভালো বেতন, আইপিএলে কোটি কোটি রুপির চুক্তি, বাণিজ্যিক জগতে বিশ্বখ্যাত সব প্রতিষ্ঠানের পণ্যদূত, নানা ব্যবসায় বিনিয়োগ -আয়ের খাতের তো অভাব নেই।

তবে শুনলে কিছুটা চমকে যাবেন ভারতের কিংবা বিশ্বের সবচেয়ে ধনী ক্রিকেটার কিন্তু কোহলি-ধনীরা নন, এমন একজন, যিনি মাত্র ২২ বছর বয়সেই অবসরে চলে গেছেন। তাঁর নাম আর্যমান বিড়লা। যার সম্পদের পরিমাণ ৭০ হাজার কোটি রুপি। এই সম্পদমূল্যের কারণে আর্যমানকে সবচেয়ে ধনী ক্রিকেটার বলাই যায়, কারণ প্রাপ্ত তথ্য অনুসারে ভারতের বর্তমান ও সাবেকদের মধ্যে আর কারও সম্পদই এর ধারেকাছে নেই। কিংবদন্তি ব্যাটসম্যান শচীন টেন্ডুলকারের সম্পদমূল্য প্রায় ১ হাজার ৪৫০ কোটি, আর ধোনি ও কোহলির সম্পদ এখনো এক হাজার কোটির নিচে।

অল্প বয়সে ক্রিকেট ছেড়ে দিয়েছেন আর্যমান, আবার হাজার কোটি টাকার মালিক খেলেছেন আইপিএলসহ বিভিন্ন পর্যায়ের পেশাদার ক্রিকেট। আর্যমান ব্যবসার মাধ্যমে যেমন হাজার কোটি টাকার মালিক, আবার ক্রিকেটার হিসেবেও ছিলেন পেশাদারই। এমনকি ভারতের প্রথম শ্রেণির ক্রিকেটের শীর্ষ প্রতিযোগিতা রঞ্জি ট্রফিতে একটা সেঞ্চুরিও আছে তাঁর। শুধু তা-ই নয়, আইপিএলের একটি দল নিলাম থেকে তাঁকে কিনেও নিয়েছিল।

আর্যমান বিড়লার নামের শেষাংশেই বুঝে ফেলার কথা তিনি ভারতের বিখ্যাত ব্যবসায়িক গোষ্ঠী আদিত্য বিড়লা গ্রুপ পরিবারের সন্তান। আদিত্য বিড়লা গ্রুপের চেয়ারম্যান কুমার মাঙ্গালাম বিড়লা আর্যমানের বাবা।

তবে ক্রিকেট ক্যারিয়ারের শুরুর দিকে আর্যমান এই 'বিড়লা' পরিচয়ে যে বিব্রত হতেন, সেটি নিজেই জানিয়েছিলেন ক্রিকইনফোকে দেওয়া এক সাক্ষাৎকারে, 'যখন আমি খেলতে শুরু করি, মানুষ আমাকে নামের দ্বিতীয় অংশ দিয়ে চিনত। আমি শুনতাম তারা আমাকে "বিড়লার ছেলে", "বিড়লার নাতি" বলছে। কিন্তু আমি আমার পারফরম্যান্স দিয়ে ধারণা বদলাতে পেরেছি। তারা আমাকে ভিন্নভাবে চিনতে শুরু করেছে।'

আর্যমানের জন্ম ১৯৯৭ সালে। মুম্বাইয়ে জন্ম হলেও বেড়ে ওঠা মধ্যপ্রদেশের রেওয়ায়, যেখান থেকে পরিচালিত হয় আদিত্য বিড়লা গ্রুপের সিমেন্ট ইউনিটের ব্যবসায়িক কার্যক্রম। শৈশবে ক্রিকেটে মজে যাওয়া আর্যমান দ্রুতই জুনিয়র ক্রিকেটের গণ্ডি পার করে সিনিয়র পর্যায়ে জায়গা করে নিয়েছিলেন।

ভারতের প্রথম শ্রেণির ক্রিকেটের শীর্ষ প্রতিযোগিতা রঞ্জি ট্রফিতে তাঁর অভিষেক হয় ২০১৭ সালের নভেম্বরে, মধ্যপ্রদেশের হয়ে ওড়িশার বিপক্ষে। প্রথম ম্যাচে রজত পাতিদারের সঙ্গে ইনিংস উদ্বোধন করে ৬৭ বলে ১৬ রান করেন আর্যমান। পরের বছর ইডেন গার্ডেনসে বেঙ্গলের বিপক্ষে খেলেন ১৮৯ বলে ১০৩ রানের ইনিংস। সব মিলিয়ে ৯টি প্রথম শ্রেণির ম্যাচ খেলেন আর্যমান, ১ সেঞ্চুরি ও ১ ফিফটিসহ ২৭.৬০ গড়ে করেন ৪১৪ রান। এ ছাড়া চারটি লিস্ট 'এ' ম্যাচও খেলেন।

এর মধ্যে ২০১৮ সালে আইপিএলের দল রাজস্থান রয়্যালস তাঁকে নিলাম থেকে ৩০ লাখ রুপিতে দলে ভেড়ায়। তবে আইপিএল দলে থাকলেও কোনো ম্যাচে নামানো হয়নি আর্যমানকে। তবে নিজের ক্রিকেটার পরিচয়কে যে ছড়িয়ে যেতে পেরেছেন, তাতে বেশ খুশিই ছিলেন আর্যমান, 'একজন এসে যখন বলল, "তুমি সাধাসিধে মানুষ। তুমি যে বিড়লা পরিবারের ছেলে, জানতামই না।" তখন মনে হলো নিজের পরিচয়ে একটা পরিবর্তন আনতে পেরেছি।'

রাজস্থান রয়্যালস আর্যমানকে বসিয়ে রেখেছিল টানা দুই আসর। কোনো ম্যাচ না খেলিয়ে ২০১৯ সালের নভেম্বর তাঁকে ছেড়েও দেওয়া হয়। ওই বছরের শুরুর দিকে চোটের কারণে খেলার বাইরেও থাকতে হয়েছিল আর্যমানকে। একপর্যায়ে ২০১৯ সালের ডিসেম্বরে নিজেই ক্রিকেট থেকে সাময়িক বিরতির সিদ্ধান্ত নেন। ওই সময় ইনস্টাগ্রামে আর্যমান লেখেন, 'আমাদের প্রত্যেকেরই নিজস্ব পথচলা আছে। আমি এখন নিজেকে বুঝতে চাই, খোলা মনে সবকিছু নতুনভাবে ভাবতে চাই, দেখি কী খুঁজে পাই।'

২০২৩ সালে আর্যমানকে আদিত্য বিড়লা ফ্যাশন অ্যান্ড রিটেইল লিমিটেডে পরিচালক হিসেবে আদিত্য বিড়লা গ্রুপে যুক্ত করা হয়। তিনি আদিত্য বিড়লা ম্যানেজমেন্ট করপোরেশন এবং গ্রাসিম ইন্ডাস্ট্রিজেও পরিচালকের দায়িত্ব পালন করছেন। এখন তিনি পুরোদস্তুর ব্যবসায়ী।

# রেকর্ড পারিশ্রমিকে রাফিনিয়াকে চায় আল-ইত্তিহাদ

স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন



ক্রিশ্চিয়ানো রোনালদোকে দিয়ে শুরু। এরপর নেইমার, বেনজেমাদের মতো তারকা খেলোয়াড় দিয়ে নিজেদের লিগকে সমৃদ্ধ করেছে সৌদি প্রো লিগের ক্লাবগুলো। এবার তাদের নজরে পড়েছে বার্সেলোনার ব্রাজিলিয়ান তারকা রাফিনিয়া। রেকর্ড গড়ে তাকে বিশ্বের সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া খেলোয়াড় বানিয়ে দলে পেতে মুখিয়ে আছে লিগটির অন্যতম শীর্ষ ক্লাব আল-ইত্তিহাদ।

আগামী গ্রীষ্মে বার্সেলোনা একটি বড় ধাক্কা খেতে পারে বলেই জানিয়েছে ট্রান্সফার উইন্ডোর অন্যতম শীর্ষ সংবাদমাধ্যম ফিচাহেজ। এক প্রতিবেদনে ফিচাহেজ জানিয়েছে, একটি বাম্পার চুক্তির মাধ্যমে রাফিনিয়াকে মধ্যপ্রাচ্যে প্রলুব্ধ করার লক্ষ্যে রয়েছে সৌদি আরবের হেভিওয়েট আল-ইত্তিহাদ। এরজন্য এই ব্রাজিলিয়ানকে বিশ্বের সবচেয়ে বেশি বেতনভোগী খেলোয়াড়দের মধ্যে একজন করতে প্রস্তুত দলটি। তবে টাকার অঙ্ক জানাতে পারেনি তারা।

সংবাদমাধ্যমটি বলছে, জানুয়ারির ট্রান্সফার উইন্ডোতেও চেষ্টা চালাবে দলটি। তবে রাফিনিয়ার মতো তারকা খেলোয়াড়দের মৌসুমের মাঝে পাওয়া অসম্ভবই। যে কারণে গ্রীষ্মেই বড় প্রস্তাব নিয়ে হাজির হতে পারে তারা।

৫৫ মিলিয়ন পাউন্ডের বিনিময়ে ২০২২ সালের জুলাইয়ে পাঁচ বছরের চুক্তিতে বার্সেলোনায় যোগ দেন রাফিনিয়া। গত মৌসুমটা সুবিধা করতে না পারলেও এই মৌসুমে দারুণ কাটছে তার। ২১ ম্যাচেই করেছেন ১৬টি গোল। সতীর্থদের দিয়ে করিয়েছেন আরও ১০টি। গত বছর রিয়াল মাদ্রিদ থেকে করিম বেনজেমাকে দলে নেয় আল-ইত্তিহাদ। তবে প্রত্যাশিত সাফল্য মিলেনি। প্রায় সব শিরোপাই গিয়েছে অন্যতম প্রতিদ্বন্দ্বী ক্লাব আল-হিলালের ঘরে। তবে চলতি মৌসুমে দারুণ খেলছে আল-ইত্তিহাদ। প্রো লিগের ১২ রাউন্ড শেষে শীর্ষে আছে তারা। তবে শীর্ষস্থান মজবুত করতে এরমধ্যেই শক্তি বাড়ানোর দিকে তাগিদ দিচ্ছে ক্লাবটি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata- 700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR